# अथ हल्सन्धिः

**स्तोः श्चुना श्चुः ८। ४। ४०॥**

सकारतवर्गयोः शकारचवर्गाभ्यां योगे शकारचवर्गौ[1] स्तः। रामश्शेते[2]। रामश्चिनोति[3]। सच्चित्। शार्ङ्गिञ्जय[4]॥

**शात् ८। ४। ४४॥**

शात्परस्य तवर्गस्य चुत्वं न स्यात्। विश्नः[5]। प्रश्नः[6]॥

**ष्टुना ष्टुः ८। ४। ४१॥**

स्तोः[7] ष्टुना योगे ष्टुः स्यात्। रामष्षष्ठः। रामष्टीकते[8]। पेष्टा[9]। तट्टीका। चक्रिण्ढौकसे[10]॥

**न पदान्ताट्टोरनाम् ८। ४। ४२॥**

पदान्ताट्टवर्गात्परस्यानामः स्तोः ष्टुर्न स्यात्। षट्[11] सन्तः[12]। षट् ते। पदान्तात्किम्? ईट्टे[13]। टोः[14]: किम्? सर्पिष्टमम्[15]। (अनाम्नवतिनगरी-[16]णामिति वाच्यम्)। षण्णाम्। षण्णवतिः[17]। षण्णगर्य्यः॥

---

१-सकारस्य शकारचवर्गाभ्यां योगे शकार एवं तवर्गस्य शकारचवर्गाभ्यां योगे चवर्ग इत्यर्थः॥ २-शयनं करोति॥ ३-अस्य 'चयनं करोति' इति, 'सच्चित्' इत्यस्य च 'सदा विद्यमानं ज्ञानस्वरूपं ब्रह्म' इत्यर्थः॥ ४-हे शार्ङ्गाख्यधनुर्धर विष्णो! विजयं लभस्व इत्यर्थः; अत्र तवर्गस्य शकारेण योगे सच्छास्त्रमित्युदाहरणं ज्ञेयम्॥ ५-अस्य भाषणमर्थः। अत्र शकारेण योगे तवर्गस्य नकारस्य ञकारः प्राप्तः॥ ६-पृच्छा॥ ७-तथा च सकारस्य षकारटवर्गाभ्यां योगे षकार एवं तवर्गस्य षकारटवर्गाभ्यां योगे टवर्गः॥ ८-गच्छति॥ ९-चूर्णकारकः॥ १०-हे सुदर्शनाख्यचक्रधारिन् हरे! गच्छसि॥ ११-अत्र ष्टुत्वनिषेधाभावे 'षट् षन्तः' 'षट्टे' इति स्यात्॥ १२-सन्तो महात्मानः॥ १३-ईड् ते इत्यवस्थायां डकारस्य पदान्तत्वाभावेन ष्टुत्वनिषेधाभावे ष्टुत्वेन तकारस्य टकारे चर्त्वेन डकारस्य टकारे सिद्धं रूपम्। स्तुतिं करोतीति तदर्थः॥ १४-टोर्ग्रहणाभावे पदान्ताभ्यां षकारटवर्गाभ्यां परस्य स्तोः ष्टुर्नेत्यर्थे सर्पिषः षकारस्य पदान्तत्वात् ततः परस्य तमपः तकारस्य ष्टुत्वं न स्यादिति भावः॥ १५-सर्पिर्घृतम्॥ १६-पदान्ताट्टवर्गात्परेषां नाम्नवतिनगरीशब्दानां स्तोः ष्टुत्वनिषेधो नेत्यर्थः, तथा च 'षड् + नाम्' 'षड् + नवतिः' 'षड् + नगर्यः' इत्येतेषु नस्य ष्टुत्वेन णकारे, आद्ये 'प्रत्यये भाषायां नित्यम्' इति डकारस्य नित्यमनुनासिकत्वे, अन्त्ययोः 'यरोऽनुनासिके—' इत्यनुनासिकत्वविकल्पे सत्येषां सिद्धिः॥ १७-षडधिका नवतिः॥

Scanned with CamScanner

**तोः षि ८। ४। ४३॥**

न ष्टुत्वम्। सन्षष्ठः॥

**झलां जशोऽन्ते ८। २। ३९॥**

पदान्ते झलां जशः स्युः। वागीश[1]ः॥

**यरोऽनुनासिकेऽनुनासिको वा ८। ४। ४५॥**

यरः पदान्तस्यानुनासिके परेऽनुनासिको वा स्यात्। एतन्मुरारिः[2], एतद् मुरारिः। (प्रत्यये[3] भाषायां नित्यम्)। तन्मात्रम्। चिन्मयम्[4]॥

**तोर्लि ८। ४। ६०॥**

तवर्गस्य लकारे परे परसवर्णः। तल्लयः[5]। विद्वाँल्लिखति। नस्यानुनासिको लः॥

**उदः स्थास्तम्भोः पूर्वस्य ८। ४। ६१॥**

उदः परयोः स्थास्तम्भोः पूर्वसवर्णः॥

**तस्मादित्युत्तरस्य १। १। ६७॥**

पञ्चमीनिर्देशेन क्रियमाणं कार्यं वर्णान्तरेणाव्यवहितस्य परस्य ज्ञेयम्॥

**आदेः[6] परस्य १। १। ५४॥**

परस्य यद्विहितं तत्तस्यादेर्बोध्यम्। इति सस्य[7] थः॥

**झरो झरि सवर्णे ८। ४। ६५॥**

हलः परस्य झरो वा लोपः सवर्णे झरि॥

**खरि च ८। ४। ५५॥**

खरि झलां चरः स्युः। इत्युदो दस्य तः। उत्थानम्[8]। उत्तम्भनम्॥

---

१-बृहस्पतिः॥ २-विष्णुः॥ ३-अनुनासिकादौ प्रत्यये परे पदान्तस्य यरो नित्यमनुनासिको भाषायाम् (लोके) इत्यर्थः॥ ४-चेतनस्वरूपम्॥ ५-तस्य नाशः॥ ६-'अलोऽन्त्यस्य' इत्यस्यापवादोऽयम्॥ ७-सस्येति; अघोषमहाप्राणप्रयत्नवतः सस्य तादृश एव थकार इत्यर्थः॥ ८-'उद् + स्थानम्' इत्यत्र 'तस्मादित्युत्तरस्य' इत्येकवाक्यतापन्नेन 'उदः स्थास्तम्भोः पूर्वस्य' इत्यनेन सूत्रेण 'आदेः परस्य' इत्येतत्सहकृतेन विवारमहाप्राणप्रयत्नवतः सकारस्य स्थाने तादृशे थकारे 'झरो झरि सवर्णे' इत्यनेन पूर्वथकारस्य वैकल्पिके लोपे दकारस्य 'खरि च' इति चर्त्वे 'उत्थानम्' इति सिद्धम्। लोपाभावपक्षे उदो दस्य चर्त्वे 'उत्त्थानम्' इति। एवम् 'उत्तम्भनम्' 'उत्थ्तम्भनम्।' अत्र थकारस्य चर्त्वेन तकारत्वं तु नाशंक्यं चर्त्वदृष्ट्या पूर्वसवर्णस्यासिद्धत्वात्। 'उत्थानम्' इत्यस्य 'उन्नतिः,' 'उत्तम्भनम्' इत्यस्य 'अवरोधः' इत्यर्थः॥

Scanned with CamScanner

**झयो होऽन्यतरस्याम् ८। ४। ६२॥**

झयः परस्य हस्य वा पूर्वसवर्णः। नादस्य घोषस्य संवारस्य महाप्राणस्य तादृशो वर्गचतुर्थः। वाग्घरिः,[१] वाग्हरिः॥

**शश्छोऽटि ८। ४। ६३॥**

झयः परस्य शस्य छो वाऽटि। तद् शिव इत्यत्र दस्य श्चुत्वेन जकारे कृते खरि चेति जकारस्य चकारः। तच्छिवः,[२] तच्शिवः। (छत्वममीति[३] वाच्यम्) तच्छ्लोकेन॥

**मोऽनुस्वारः ८। ३। २३॥**

मान्तस्य पदस्यानुस्वारो हलि। हरिं[४] वन्दे॥

**नश्चापदान्तस्य झलि ८। ३। २४॥**

नस्य मस्य चापदान्तस्य झल्यनुस्वारः। यशांसि। आक्रंस्यते[५]। झलि किम्? मन्यते॥

**अनुस्वारस्य[६] ययि परसवर्णः ८। ४। ५८॥**

स्पष्टम्। शान्तः[७]॥

**वा पदान्तस्य ८। ४। ५९॥**

त्वङ्करोषि, त्वं करोषि॥

**मो राजि समः क्वौ ८। ३। २५॥**

क्विबन्ते राजतौ परे समो मस्य म[८] एव स्यात्॥ सम्राट्[९]॥

**हे मपरे वा ८। ३। २६॥**

---

१-एवं चवर्गटवर्गतवर्गपवर्गेभ्यः परस्य हस्य झकारढकारधकारभकारा भवन्ति। उदाहरणञ्च क्रमेण—अज्झीनम्, षड्ढलानि, तद्धविः, गुब्भसति; इति बोध्यम्। 'वाग्घरिः' इत्यस्य 'वाणीश्वरः' इत्यर्थः॥ २-तस्य शिवः॥ ३-'शश्छोऽटि' इत्यस्य स्थाने 'शश्छोऽमि' इति वक्तव्यमित्यर्थः॥ ४-अत्र 'अलोऽन्त्यस्य' इति परिभाषासूत्रेण मस्यानुस्वारः॥ ५-आक्रमणं करिष्यति॥ ६-अपदान्तस्यैवानुस्वारस्यानेन परसवर्णः, स च नित्यस्तस्माद् गङ्गादिशब्देऽनुस्वारसहितः प्रयोगः प्रामादिकः॥ ७-एवम् अङ्कितः, अञ्चितः, कुण्ठितः, गुम्फित इत्यादीन्युदाहरणानि ज्ञेयानि॥ ८-अत्र प्रकरणे नित्यं वैकल्पिकं वा मकारस्य मकारविधानमनुस्वारनिवृत्त्यर्थम्॥ ९-चक्रवर्ती॥

Scanned with CamScanner

मपरे हकारे परे मस्य मो वा। किम् ह्मलयति[1] किं ह्मलयति॥ (यवलपरे[2] यवला वा)। किय्ँ ह्यः[3], किं ह्यः। किव्ँ ह्वलयति[4], किं ह्वलयति। किल्ँ ह्लादयति[5], किं ह्लादयति॥

(22) **नपरे नः ८। ३। २७॥**

नपरे हकारे मस्य नो वा॥ किन् ह्नुते[6], किं ह्नुते॥

(23) **आद्यन्तौ टकितौ १। १। ४६॥**

टित्कितौ यस्योक्तौ तस्य क्रमादाद्यन्तावयवौ स्तः॥

(24) **ङ्णोः कुक्टुक् शरि ८। ३। २८॥**

वा[7] स्तः। (चयो[8] द्वितीयाः शरि पौष्करसादेरिति वाच्यम्)। प्राङ्ख् षष्ठः, प्राङ्क्षष्ठः, प्राङ् षष्ठः। सुगण्ठ् षष्ठः, सुगण्ट् षष्ठः, सुगण् षष्ठः॥

(25) **डः सि धुट् ८। ३। २९॥**

डात्परस्य सस्य धुड्वा। षट्त्सन्तः[9], षट् सन्तः॥

(26) **नश्च ८। ३। ३०॥**

नान्तात्परस्य सस्य धुड्वा। सन्त्सः[10] सन्सः॥

(27) **शि तुक् ८। ३। ३१॥**

पदान्तस्य नस्य शे परे तुग्वा। सञ्छम्भुः[11], सञ्च्छम्भुः, सञ्च्शम्भुः, सञ्शम्भुः॥

---

१-चालयति॥ २-यवलपरे हकारे परे मकारस्य क्रमशो यवला वा भवन्ति। पक्षे 'मोऽनुस्वारः'। अत्र 'स्थानेऽन्तरतमः' इति परिभाषया मकारस्य स्थाने सानुनासिका यवला ज्ञेयाः॥ ३-ह्यः—पूर्वदिनम्॥ ४-चालयति॥ ५-सुखयति॥ ६-अपनयति॥ ७-ङकारणकारयोः क्रमेण कुक्टुकावागमौ स्तो वा शरि पर इत्यर्थः॥ ८-चय् प्रत्याहारवाच्यवर्णानां स्वस्ववर्गद्वितीयवर्णा भवन्ति इत्यर्थः॥ ९-धुडागमे सति 'षड् + ध् + सन्तः' इति जाते तत्र पूर्वं धकारस्य चर्त्वेन तकारे कृते तस्मिन्परे डकारस्य पुनश्चर्त्वेन टकारे कृते 'षट्त्सन्तः' इति सिध्यति॥ १०-विद्यमानोऽसावित्यर्थः॥ ११-'सन् + शम्भुः, इत्यत्र 'शि तुक्' इत्यनेन नकारस्य वैकल्पिके तुगागमेऽनुबन्धलोपे तकारस्य श्चुत्वेन चकारे नकारस्यापि श्चुत्वेन ञकारे कृते 'शश्छोऽटि' इत्यनेन वैकल्पिके छकारे 'झरो झरि—' इत्यनेन चकारस्य वैकल्पिकलोपे सञ्छम्भुः, लोपाभावपक्षे शञ्च्छम्भुः, छत्वलोपयोरभावे सञ्च्शम्भुः, तुगागमाभावे सञ्शम्भुरिति रूपचतुष्टयम्॥

Scanned with CamScanner

**ङमो ह्रस्वादचि ङमुण् नित्यम् ८। ३। ३२॥**

ह्रस्वात्परो यो ङम् तदन्तं यत्पदं तस्मात्परस्याचो ङमुट्[1]। प्रत्यङ्ङात्मा[2]। सुगण्णीशः[3]। सन्नच्युतः[4]॥

**समः सुटि ८। ३। ५॥**

समो रुः सुटि॥

**अत्रानुनासिकः पूर्वस्य तु वा ८। ३। २॥**

अत्र रुप्रकरणे रोः पूर्वस्यानुनासिको वा॥

**अनुनासिकात्परोऽनुस्वारः ८। ३। ४॥**

अनुनासिकं विहाय रोः पूर्वस्मात्परोऽनुस्वारागमः॥

**खरवसानयोर्विसर्जनीयः ८। ३। १५॥**

खरि अवसाने च पदान्तस्य रेफस्य विसर्गः। (संपुंकानां सो वक्तव्यः)। सँस्स्कर्ता[5], संस्स्कर्ता॥

**पुमः खय्यम्परे ८। ३। ६॥**

अम्परे खयि पुमो रुः। पुँस्कोकिलः[6], पुंस्कोकिलः॥

**नश्छव्यप्रशान् ८। ३। ७॥**

अम्परे छवि नान्तस्य पदस्य रुः; न तु प्रशान्शब्दस्य॥

**विसर्जनीयस्य सः ८। ३। ३४॥**

खरि। चक्रिँस्त्रायस्व[7], चक्रिंस्त्रायस्व। अप्रशान् किम्? प्रशान्[8] तनोति। पदस्येति किम्? हन्ति॥

---

१-ङम्प्रत्याहारबोध्या ङकारणकारनकारास्तेषां प्रत्येकमुटा सह सम्बन्धेन 'ङुट्' 'णुट्' 'नुट्' इत्यागमत्रयं ज्ञेयम्॥ २-अन्तरात्मा॥ ३-सुन्दरगणनाशीलानां पतिः॥ ४-सद्रूपो विष्णुः॥ ५-'सम्+स्कर्ता' इत्यत्र मकारस्य 'समः सुटि' इति रुत्वे 'अत्रानुनासिकः पूर्वस्य तु वा' इत्यनेन सकारोत्तराकारस्यानुनासिकत्वविकल्पे, तदभावे 'अनुनासिकात्परोऽनुस्वारः' इति अनुस्वारागमे 'सँरु+स्कर्ता' 'संरु+स्कर्ता' इति जातेऽनुबन्धलोपे 'खरवसानयोर्विसर्जनीयः' इत्यनेनोभयत्रापि विसर्गे 'संपुंकानाम्—' इति विसर्गस्य सकारे जाते सिद्धं रूपद्वयम्—'सँस्स्कर्ता' 'संस्स्कर्ता' इति। अत्र 'सम्परिभ्यां करोतौ भूषणे' इति भूषणेऽर्थे सुडागमात् 'संस्स्कर्ता' इत्यस्य 'भूषयिता' 'अलंकर्ता' इत्यादयः पर्यायाः॥ ६-पुमान् पिकः॥ ७-'त्रायस्व' इत्यत्राम्पदबोध्यो रेफस्तत्परकश्छव् तकारो ज्ञेयः। रक्षां कुरु, इति तदर्थः॥ ८-प्रशमनशीलो विस्तारयति॥

**नॄन्[1] पे ८। ३। १०॥**

नॄनित्यस्य रुर्वा पे॥

**कुप्वोः ॅ क ॅ पौ च ८। ३। ३७॥**

कवर्गे पवर्गे च विसर्गस्य ॅ क ॅ पौ स्तः, चाद्विसर्गः। नॄँ[2] ॅ पाहि, नॄँः पाहि, नॄं ॅ पाहि, नॄंः पाहि। नॄन्पाहि॥

**तस्य परमाम्रेडितम् ८। १। २॥**

द्विरुक्तस्य परमाम्रेडितं स्यात्॥

**कानाम्रेडिते[3] ८। ३। १२॥**

कान्नकारस्य रुः स्यादाम्रेडिते। काँस्कान्, कांस्कान्॥

**छे[4] च ६। १। ७३॥**

ह्रस्वस्य छे तुक्। शिव[5]च्छाया॥

**पदान्ताद्वा ६। १। ७६॥**

दीर्घात्पदान्ताच्छे तुग् वा। लक्ष्मीच्छाया, लक्ष्मीछाया॥

इति हल्सन्धिः।

---

१-नॄन् इति नृशब्दस्य द्वितीयान्तानुकरणं लुप्तषष्ठीकं पदम्॥ २-'नॄन् +पाहि' इत्यत्र 'नॄन् पे' इत्यनेन नकारस्य वैकल्पिके रुत्वेऽनुनासिकेऽनुस्वारे च 'नॄँरु पाहि' 'नॄंरु पाहि' इति जाते, उभयत्राप्यनुबन्धलोपे रेफस्य विसर्गे 'कुप्वोः ॅ क ॅ पौ च' इत्यनेन विसर्गस्योपध्मानीयत्वे, उभयत्रापि चकाराद् विसर्गस्य विसर्गेऽनुनासिकपक्षे 'नॄँ ॅ पाहि, नॄँः पाहि' अनुस्वारपक्षे च 'नॄं ॅ पाहि, नॄंः पाहि' इत्येवं रूपचतुष्टयं सिद्धम्, रुत्वाभावे 'नॄन् पाहि' इति पञ्चमं रूपम्। नरान् रक्षेति तदर्थः। 'नॄन् पे' इत्यत्र पशब्देऽकारो न विवक्षितः॥ ३-कानिति 'किम्' शब्दस्य द्वितीयाबहुवचनान्तानुकरणं लुप्तषष्ठीकं पदम्॥ ४-अत्रापि 'छे' इत्यत्र पूर्ववदकारो न विवक्षितः॥ ५-'छाया सूर्यप्रिया कान्तिः' इत्यमरः॥

Scanned with CamScanner

## ।। অথ হল্‌সন্ধিঃ ।।

### ৬২। স্তোঃ শ্চুনা শ্চুঃ - ৮।৪।৪০

স্তোঃ - ৬।১, শ্চুনা - ৩।১, শ্চুঃ - ১।১.

**বরদরাজঃ**- সকারতবর্গযোঃ শকারচবর্গাভ্যাং যোগে শকারচবর্গৌ স্তঃ। রামশ্শেতে। রামশ্চিনোতি। সচ্চিৎ। শার্ঙ্গিঞ্জয়।।

**অনুবাদ** - শকার ও চবর্গের, যোগে সকারের শকার ও তবর্গের চবর্গ হয়। (যথা-) রামশ্শেতে। রামশ্চিনোতি। সচ্চিৎ। শার্ঙ্গিঞ্জয়।

**আলোচনা** - স্ চ তুশ্চ = 'স্তুঃ', তয়োঃ = 'স্তোঃ' - সমাহারদ্বন্দ্ব। সৌত্র বলিয়া পুংলিঙ্গ হইয়াছে। শ্ চ চুশ্চ = 'শ্চুঃ', তেন = শ্চুনা, সমাহারদ্বন্দ্ব সমাস হইয়াছে। 'শ্চুনা' ইহা সহার্থে তৃতীয়া। শকার ও চবর্গের সঙ্গে যুক্ত হইলে সকারের শকার এবং তবর্গের চবর্গ হয়। এই বিষয়টি একটি কারিকার দ্বারা স্পষ্ট করা যাইতে পারে—

'যোগে সতি শকারেণ চবর্গেণ সহাথবা।
সকারস্য শকারঃ স্যাৎ তবর্গস্য চবর্গতা।।'

'রামস্ + শেতে - এই অবস্থায় 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' - এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ'-এই সূত্রের দ্বারা শকারের যোগ থাকায় 'স'—কারের শকার হওয়ায় 'রামশ্শেতে- এই পদ সিদ্ধ হয়। 'রামস্ + চিনোতি - এই উদাহরণে চবর্গের যোগ থাকায় 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা চবর্গের যোগ থাকায় সকারের শকার করিয়া 'রামশ্চিনোতি' পদ সিদ্ধ হয়। ইহার অর্থ হইল রাম চয়ন করিতেছে। 'সৎ + চিৎ' - এই উদাহরণে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায়' 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা 'তকারের' 'চ'কার করিয়া সচ্চিৎ পদ সিদ্ধ হয়। 'শার্ঙ্গিন্ + জয়' এই উদাহরণে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্'- এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা 'ন্'কারের 'ঞ্'কার করিয়া 'শার্ঙ্গিঞ্জয়' পদ সিদ্ধ হয়। হে 'শার্ঙ্গ' নামক ধনুযের ধারক বিষ্ণু, বিজয় লাভ কর — ইহা এই উদাহরণের অর্থ।।

Scanned with CamScanner

৬৩। **শাৎ** - ৮। ৪। ৪৪।

**শাৎ** - ৫।১.

**অনুবৃত্তিঃ**- তোঃ, চুঃ, ন।

। শাৎ (পরস্য) তোঃ চুঃ ন. (ভবতি)।।

**বরদরাজঃ**- শাৎ পরস্য তবর্গস্য চুত্বং ন স্যাৎ। বিশ্নঃ। প্রশ্নঃ।।

**অনুবাদ** - শকারের পরে (স্থিত) তবর্গের চবর্গ হয়না। (যথা-) বিশ্নঃ। প্রশ্নঃ।।

আলোচনা - 'ন পদান্তাৎ-' এই সূত্র হইতে 'ন', 'স্তোঃ শ্চুনা শ্চুঃ'- সূত্র হইতে 'তোঃ' এবং 'চুঃ' - এই পদগুলি অনুবৃত্ত হইতেছে। 'পরস্য' পদটির অধ্যাহার হইতেছে। 'বিশ্ + নঃ' - এই অবস্থায় 'ন' কারের 'ঞ' কার প্রাপ্ত ছিল 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' সূত্রের দ্বারা। কিন্তু 'শাৎ' - এই সূত্রের নিষেধ হেতু 'শ'কারের পর 'ন' কারের 'চু'ত্ব হইল না। ফলে 'বিশ্নঃ' পদ হইল। আবার 'প্রশ্ + নঃ' এই উদাহরণে ও 'শাৎ' - সূত্রের নিষেধ থাকায় 'ন' কারের 'চু'ত্ব অর্থাৎ 'ঞ' হইল না।

৬৪। **ষ্টুনা ষ্টুঃ**- ৮। ৪। ৪১

ষ্টুনা - ৩। ১, ষ্টুঃ- ১। ১.

**অনুবৃত্তিঃ**- স্তোঃ,

। স্তোঃ ষ্টুনা যোগে ষ্টুঃ (ভবতি)।।

**বরদরাজঃ**- স্তোঃ ষ্টুনা যোগে ষ্টুঃ স্যাৎ। রামষ্‌ষষ্ঠঃ। রামষ্টীকতে। পেষ্টা। তট্টীকা। চক্রিণ্ঢৌকসে।।

**অনুবাদ** - ষ-কার এবং টবর্গের যোগে সকারের ষকার এবং তবর্গের টবর্গ হয়। (যথা-) রামষ্‌ষষ্ঠঃ। রামষ্টীকতে। পেষ্টা। তট্টীকা। চক্রিণ্ঢৌকসে।।

**আলোচনা** - 'স্তোঃ শ্চুনা শ্চুঃ'- এই সূত্র হইতে 'স্তোঃ' পদটির অনুবৃত্তি হইতেছে। একটি কারিকার দ্বারা ইহার অর্থ স্পষ্ট হয়-

যোগে সতি ষ-কারেণ টবর্গেণ সহাথবা।
সকারস্য ষকারঃ স্যাৎ তবর্গস্য টবর্গতা।।'

Scanned with CamScanner

'রামস্ + ষষ্ঠঃ' এই উদাহরণে যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায় 'ষ্টুনা ষ্টুঃ' সূত্রের দ্বারা সকারের ষকার করিয়া রামষ্ষষ্ঠঃ' পদ সিদ্ধ হয়। 'রামস্ + টীকতে' - এই উদাহরণে 'যথা-সংখ্যমনুদেশঃ সমানাম্' - এই সূত্রের সহায়তায় ' ষ্টুনা ষ্টুঃ' - এই 'সূত্রের দ্বারা 'স'কারের 'ষ'কার করিয়া 'রামষ্টীকতে' পদ সিদ্ধ হয়। 'টীকতে' - পদের অর্থ যাইতেছে। ' পেষ্ + তা' এই উদাহরণে 'যথা সংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায় 'ষ্টুনা ষ্টুঃ' -এই সূত্রের দ্বারা 'ত'কারের 'ট'কার করিয়া 'পেষ্টা' পদ সিদ্ধ হয়। ইহার অর্থ চূর্ণকারী। 'তৎ + টীকা' - এই উদাহরণে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' - এই সূত্রের সহায়তায় 'ষ্টুনা ষ্টুঃ'- সূত্রের দ্বারা 'ত'কারের 'ট'কার করিয়া 'তট্টীকা' পদ সিদ্ধ হয়। 'চক্রিন্ + ঢৌকসে' - এই উদাহরণে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' সূত্রের সহায়তায় 'ষ্টুনা ষ্টুঃ' সূত্রের দ্বারা 'ন'কারের 'ণ'কার করিয়া 'চক্রিণ্ঢৌকসে' পদ সিদ্ধ হয়। হে সুদর্শনচক্রধারী। (তুমি) যাইতেছ—এই রূপ অর্থ।

## ৬৫। **ন পদান্তাট্টোরনাম্** - ৮। ৪। ৪২

ন - অ০, পদান্তাৎ - ৫।১, টোঃ- ৫। ১, অনাম্ লুপ্তষষ্ঠ্যন্তনির্দেশঃ।

**অনুবৃত্তিঃ**- স্তোঃ ষ্টুঃ।

। পদান্তাৎ টোঃ স্তোঃ ষ্টুঃ ন (ভবতি)।।

**বরদরাজঃ**- পদান্তাট্টবর্গাৎপরস্যানামঃ স্তোঃ ষ্টুর্ন স্যাৎ। ষট্ সন্তঃ। ষট্ তে। পদান্তাৎ কিম্? ইট্টে। টোঃ কিম্? সর্পিষ্টমম্। (অনাম্নবতিনগরীণামিতি বাচ্যম্)। ষণ্ণাম্। ষণ্ণবতিঃ। ষণ্ণগর্য্যঃ।।

**অনুবাদ** - পদান্ত টবর্গের পর 'নাম্' ভিন্ন 'স'কার ও তবর্গের স্থানে 'ষ'কার ও টবর্গ হয় না। ষট্ সন্তঃ। ষট্ তে। 'পদান্তাৎ' বলিল কেন? ঈট্টে। 'টোঃ' বলিল কেন? সর্পিষ্টমম্। (নাম্, নবতি, নগরী ভিন্ন শব্দের তবর্গের টবর্গ হয় না।) (যথা-) ষণ্ণাম্। ষণ্ণবতিঃ। ষণ্ণগর্য্যঃ।।

**অলোচনা** - 'ষট্ + সন্তঃ' - এই উদাহরণে 'ষ্টুনা ষ্টুঃ' সূত্রের দ্বারা সকারের 'ষ'কার প্রাপ্ত হওয়ায় 'ন পদান্তাট্টোরনাম্' — সূত্রের দ্বারা তাহার নিষেধে 'ষট্সন্তঃ' -সিদ্ধ হইল। ইহার অর্থ - ছয়জন মহাত্মা। 'ষট্ + তে' এই অবস্থায় ও 'ন

Scanned with CamScanner

পদান্তাট্টোরনাম্'- সূত্র দ্বারা 'ত্' এর 'ট্' - হইল না। 'পদান্তাৎ' পদটি সূত্রে না বলিলে 'ইট্ + তে' এই অবস্থায় অপদান্ত 'ট' - এর পর 'ত'কারের 'ট'কার নিষেধ হইয়া যাইত। কিন্তু পদান্ত টবর্গের পর তকারেরই নিষেধ হওয়ায় 'ইট্ + তে' - এই স্থলে 'ষ্টুত্ব' নিষেধ হইতে পারিল না। ফলে 'ষ্টুনা ষ্টুঃ' - এই সূত্রের দ্বারা 'ত'কারের টকার করিয়া 'ইট্টে' পদসিদ্ধ হইল। সূত্রে 'টোঃ' না বলিলে কি হইত এইরূপ জিজ্ঞাসাতে বলিতেছেন 'সর্পিষ্টমম্'। 'সর্পিষ্ + তমম্' - এই উদাহারণে সূত্রে 'টোঃ' না বলিলে 'ষ্টুনা ষ্টুঃ' সূত্র হইতে 'ষ্টু' - এর অনুবৃত্তি হইয়া যাইবে। 'ষ' কার বাদ দিয়ে কেবল 'টু' এর অনুবৃত্তি করা যাইবে না। কারণ নিয়ম আছে - 'একযোগনির্দিষ্টানাং সহ বা প্রবৃত্তিঃ সহ বা নিবৃত্তিঃ'। এই পরিভাষা অনুসারে ষকার ও আসিয়া যাইবে। ফলে পদান্ত ষকারের পর 'ত'কারের 'ট'কার হইবে না। এই রূপ বলাতে 'সর্পিষ্টি-মম্'- এই রূপ শুদ্ধ পদ হইতে পারিবে না। তাহা বারণের জন্য বর্তমান সূত্রে আবার 'টোঃ' পদের গ্রহণ করিয়াছেন। অর্থাৎ ষকারের পর থাকিলে 'ষ্টুত্ব' নিষেধ হইতে পারিবে না। ফলে 'সর্পিষ্ - তমম্' - এইখানে 'ষ্টুনা ষ্টুঃ' সূত্র দ্বারা তকারের ট্কার - করিয়া ' সর্পিষ্টমম্' পদ সিদ্ধ হইল। সূত্রে 'অনাম্' পদে বার্তিককার নবতি ও নগরী শব্দকে ও যুক্ত করিয়া বলিয়াছেন — 'অনাম্নবতিনগরীণামিতি বাচ্যম্'। ফলে অর্থ হইবে পদান্ত টবর্গের পর নাম্, নবতি ও নগরী শব্দ ভিন্ন সকার ও তবর্গের 'ষ্টু'ত্ব হয় না। উদাহরণ যথা - 'ষণ্ + নাম্' এই স্থলে - 'নাম্' থাকায় বর্তমান সূত্রের দ্বারা নিষেধ হইতে পারিল না। ফলে 'ষ্টুনা ষ্টুঃ' সূত্র দ্বারা নকারের ণকার করিয়া 'ষণ্ণাম্' পদ সিদ্ধ হইল। 'ষণ্ + নবতিঃ' - এই স্থলে - নবতি শব্দ পরে থাকায় ষ্টুত্ব নিষেধ হইতে পারিল না। ফলে 'ষ্টুনা ষ্টুঃ' সূত্র দ্বারা 'ন'কারের 'ণ'কার করিয়া 'ষণ্ণবতিঃ' পদ সিদ্ধ হইল। ইহার অর্থ হইল - ছিয়ানব্বই। ষণ্ + নগর্য্যঃ এই উদাহরণে 'ষ্টুনা ষ্টুঃ' সূত্র দ্বারা 'ন'কারের টবর্গ 'ণ'কার করিয়া ষণ্ণগর্য্যঃ পদ সিদ্ধ হইল। ইহার অর্থ হইল - ছয়টি নগরী।

## ৬৬। তোঃ ষি - ৮। ৪। ৪৩

## তোঃ- ৬।১, ষি - ৭। ১.

**অনুবৃত্তিঃ- ষ্টুঃ, ন।**

। তোঃ ষি (পরতঃ) ন ষ্টুঃ।।

**অনুবাদ** - 'ষ' ও টবর্গ (আদেশ) হয় না। (যথা-) সন্‌ষষ্ঠঃ।।

**আলোচনা** - 'ষ্টুনা ষ্টুঃ' সূত্র হইতে 'ষ্টুঃ' এবং 'ন পদান্তাৎ—' সূত্র হইতে 'ন' - অনুবৃত্ত হইতেছে। তবর্গের 'ট'বর্গ হয় না 'ষ'কার পরে থাকিলে। 'সন্ + ষষ্ঠঃ' - এই উদাহরণে ষকার পরে থাকায় 'ষ্টুনা ষ্টুঃ' সূত্রের দ্বারা প্রাপ্ত 'ন'কারের 'ণ'কার 'তোঃষি' সূত্রে নিষেধ থাকায় হইল না। ফলে 'সন্‌ষষ্ঠঃ' এইরূপই থাকিল।

## ৬৭। ঝলাং জশোঽন্তে - ৮। ২। ৩৯

ঝলাম্ - ৬। ৩, জশঃ- ১। ৩, অন্তে - ৭।১

**বরদরাজঃ-** পদান্তে ঝলাং জশঃ স্যুঃ। বাগীশঃ।।

**অনুবাদ** - পদান্তে (স্থিত) ঝল্ এর জশ্ হয়। (যথা-) বাগীশঃ।

**আলোচনা** - এই সূত্রটি 'পদস্য' এই সূত্রের অধিকারে রহিয়াছে। ফলে অর্থ হইল পদান্তে স্থিত ঝল্ এর 'জশ্' হয়। 'বাক্ + ঈশঃ' - এই উদাহরণে 'স্থানেঽন্তরতমঃ' - এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে' এই সূত্র দ্বারা ককারের স্থানে 'গ'কার করিয়া 'বাগীশঃ' পদ সিদ্ধ হইল। এইখানে পদান্ত কণ্ঠ্যবর্ণ ককারের স্থানে কণ্ঠ্যবর্ণ গকার হইয়াছে।

## ৬৮। যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা - ৮। ৪।৪৫

যরঃ- ৬।১, অনুনাসিকে - ৭।১, অনুনাসিকঃ- ১।১
বা- অ০

**অনুবৃত্তিঃ-** পদান্তাৎ।

[ যরঃ পদান্তস্য অনুনাসিকঃ বা (ভবতি) অনুনাসিকে (পরতঃ)]।

**বরদরাজঃ-** যরঃ পদান্তস্যানুনাসিকে পরেঽনুনাসিকো বা স্যাৎ। এতন্মুরারিঃ, এতদ্মুরারিঃ। (প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্)। তন্মাত্রম্। চিন্ময়ম্।।

**অনুবাদ** - পদান্ত যর্ এর বিকল্পে অনুনাসিক হয় অনুনাসিক পরে থাকিলে। (যথা) এতন্মুরারিঃ, এতদ্মুরারিঃ। (প্রত্যয়ের অনুনাসিক পরে থাকিলে ভাষাতে পদান্ত যর্ এর নিত্য অনুনাসিক হয়।) (যথা-) তন্মাত্রম্। চিন্ময়ম্।

Scanned with CamScanner

**আলোচনা** - 'ন পদান্তাৎ—' ইত্যাদি সূত্র হইতে 'পদান্তাৎ' অনুবৃত্ত হইয়া তাহার 'ষষ্ঠী' বিভক্তিতে বিপরিণাম হইতেছে। 'এতদ্ + মুরারিঃ' এই অবস্থায় 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে' এই সূত্রের দ্বারা 'দ'কারের উচ্চারণস্থান সাম্য হেতু 'দ'কার করিয়া 'এতদ্ + মুরারিঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'স্থানেঽন্তরতমঃ' এই দুই সূত্রের সহায়তায় 'যরোঽনুনাসিকেঽনুনাসিকো বা' এই সূত্রের দ্বারা 'দ'কারের স্থান সাম্য হেতু বিকল্পে নকার করিয়া, 'এতন্মুরারিঃ' পদ হয়। অনুনাসিকের অভাব পক্ষে 'এতদমুরারিঃ' এই পদ সিদ্ধ হয়। অনুনাসিক আদিতে আছে এমন প্রত্যয় পরে থাকিলে পদান্ত যর্ এর নিত্য অনুনাসিক আদেশ হয়। ইহা বার্ত্তিকের অর্থ। 'তত্ + মাত্রম্' - এই উদাহরণে 'স্থানেঽন্তরতমঃ' - এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে' এই সূত্রের, দ্বারা তকারের দকার, করিয়া তদ্ মাত্রম্ এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্' এই বার্ত্তিকের দ্বারা দকারের নকার হওয়ায় 'তন্মাত্রম্' এই পদ সিদ্ধ হইল। 'চিৎ + ময়ম্' - এই উদাহরণে 'স্থানেঽন্তরতমঃ' - এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে'- এই সূত্রের দ্বারা তকারের দকার করিয়া 'চিদ্ + ময়ম্' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ' -এই দুই সূত্রের সহায়তায় 'প্রত্যয়ে ভাষায়াং নিত্যম্' এই বার্ত্তিকের দ্বারা 'চিন্ময়ম্' পদ সিদ্ধ হইল।

## ৬৯। তোর্লি - ৮।৪।৬০

তোঃ- ৬।১, লি - ৭।১.

**অনুবৃত্তিঃ**- পরসবর্ণঃ।

। তোঃ লি (পরতঃ) পরসবর্ণঃ (ভবতি)।।

**বরদরাজ ঃ**- তবর্গস্য লকারে পরে পরসবর্ণঃ। তল্লয়ঃ। বিদ্বাল্লিঁখতি। নস্যানুনাসিকো লঃ।।

**অনুবাদ** - লকার পরে থাকিলে তবর্গের (স্থানে) পরসবর্ণ (আদেশ) হয়। (যথা-) তল্লয়ঃ। বিদ্বাল্লিঁখতি। নকারের অনুনাসিক লকার হইল।

**আলোচনা** - 'অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ' সূত্র হইতে 'পরসবর্ণঃ' - ইহা অনুবৃত্ত হইতেছে। 'তল্লয়ঃ' এই উদাহরণে 'তস্য লয়ঃ' - এই রূপ বিগ্রহ করিয়া 'তত্ + লয়ঃ' এই অবস্থায় 'স্থানেঽন্তরতমঃ'-এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে'-

Scanned with CamScanner

সূত্রের দ্বারা তকারের দকার করিয়া 'তদ্ + লয়ঃ' —এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'স্থানেঽন্তরতমঃ' এই দুই সূত্রের সহায়তায় 'তোর্লি' -এই সূত্রের দ্বারা দকারের স্থানে লকার আদেশ করিয়া 'তল্লয়ঃ' পদ সিদ্ধ হয়। ইহার অর্থ তাহার নাশ। 'বিদ্বান্ + লিখতি' - এই উদাহরণে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ' - এই দুই সূত্রের সহায়তায় 'তোর্লি' সূত্রের দ্বারা নকারের স্থানে পরসবর্ণ 'লঁ'কার করিয়া 'বিদ্বাল্লিঁখতি' পদ সিদ্ধ হয়। 'ন' কারের অন্তরতম লঁকারই হইল এইখানে।

## ৭০। উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য - ৮। ৪। ৬১

উদঃ- ৫।১, স্থা-স্তম্ভোঃ - ৬।২, পূর্বস্য- ৬।১

**অনুবৃত্তিঃ**- 'সবর্ণঃ'-ইতি নিষ্কৃয্য সম্বধ্যতে।

। উদঃ (পরয়োঃ) স্থা-স্তম্ভোঃ পূর্বস্য সবর্ণঃ (ভবতি)।।

**বরদরাজঃ**- উদঃ পরয়োস্থাস্তম্ভোঃ পূর্বসবর্ণঃ।।

**অনুবাদ** - উদ্ এর পরে, (স্থিত) স্থা ও স্তম্ভ্ এর (স্থানে) পূর্বের সবর্ণ হয়।

**আলোচনা** - 'অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ' এই সূত্রে সমাস নির্দিষ্ট সবর্ণ গ্রহণকে নিষ্কাষণ করিয়া 'উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য' সূত্রে সম্বদ্ধ করা হইতেছে।

## ৭১। তস্মাদিত্যুত্তরস্য - ১। ১। ৬৭

তস্মাৎ - ৫। ১, ইতি - অ,,, উত্তরস্য- ৬।১.

**অনুবৃত্তিঃ**- নির্দিষ্টে।

। তস্মাৎ ইতি নির্দিষ্টে (সতি) উত্তরস্য (কার্যং ভবতি)।।

**বরদরাজঃ**- পঞ্চমীনির্দেশেন ক্রিয়মাণং কার্য্যং বর্ণান্তরেণাব্যবহিতস্য পরস্য জ্ঞেয়ম্।।

**অনুবাদ** - পঞ্চম্যন্ত বিশেষের দ্বারা বোধিত কার্য্য বর্ণান্তরের ব্যবধানশূন্য পরবর্ত্তীর হইয়া থাকে।

**আলোচনা** - এই সূত্রে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' সূত্র হইতে 'নির্দিষ্টে' পদের অনুবর্তন করা হয়। এই পরিভাষা সূত্রটি 'উদঃ স্থাস্তম্ভোঃ' সূত্রে প্রবৃত্ত হইয়া অর্থ করিয়া

Scanned with CamScanner

দেয়—উদ্‌ এর অব্যবহিত পরে স্থা ও স্তম্ভ্‌ এর স্থানে পূর্বের সবর্ণ আদেশ হয়।

৭২। **আদেঃ পরস্য** - ১। ১। ৫৪

আদেঃ- ৬। ১, পরস্য - ৬। ১.

**বরদরাজঃ**- পরস্য যদ্বিহিতং তত্তস্যাদের্বোধ্যম্‌ ইতি সস্য থঃ।।

**অনুবাদ** - পরবর্ত্তীর যে কার্য্য বিধান করা হয় উহা তাহার আদিবর্ণের হইয়া থাকে। এইভাবে সকারের থকার হইল।

**আলোচনা** - তস্মাদিত্যুত্তরস্য' - এই সূত্রানুসারে উত্তরবর্ত্তীর যে কার্য্য বিধান করা হইয়াছে সেই কার্য্য উত্তরবর্ত্তীর আদির স্থানে হয়। ইহা 'অলোঽন্ত্যস্য'-সূত্রের অপবাদ। এই পরিভাষা সূত্রটি 'উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য'- সূত্রে প্রবৃত্ত হইয়া অর্থ করিয়া দিতেছে - উদ্‌ এর অব্যবহিত পরে স্থা ও স্তম্ভ্‌ থাকিলে তাহার আদির স্থানে পূর্বের সবর্ণ হইবে। 'উদ্‌ + স্থানম্‌' - এই উদাহণে 'তস্মাদিত্যুত্তরস্য', 'আদেঃ পরস্য' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য'—এই সূত্রের দ্বারা 'স'কারের স্থানে পূর্ব দকারের সবর্ণ হয়। ফলে 'স্থানেঽন্তরমঃ' সূত্রের সহায়তায় আন্তরতম্যের সূক্ষ্মপরীক্ষায় বাহ্য প্রযত্নের সাহায্যে সকারের স্থানে বিবার, শ্বাস, অঘোষ ও মহাপ্রাণ বিশিষ্ট বর্ণ 'থ'কার হইল। ফলে উদ্‌ + থ্থা-নম্‌ এইরূপ জাত হইল।

৭৩। **ঝরো ঝরি সবর্ণে** - ৮। ৪। ৬৫

ঝরঃ-৬। ১, ঝরি - ৭।১, সবর্ণে- ৭।১.

**অনুবৃত্তিঃ**- অন্যতরস্যাম্‌, হলঃ,. লোপঃ।

[ হলঃ (পরস্য) ঝর অন্যতরস্যাম্‌ লোপঃ সবর্ণে ঝরি (পরতঃ)]।

**বরদরাজঃ**- হলঃ পরস্য ঝরো বা লোপঃ সবর্ণে ঝরি।।

**অনুবাদ** - হল্‌ এর পর ঝর্‌ এর বিকল্পে লোপ হয় সবর্ণ ঝর্‌ পরে থাকিলে।

৭৪। **খরি চ** - ৮। ৪। ৫৫

খরি- ৭।১ চ-অ০,

Scanned with CamScanner

**অনুবৃত্তিঃ-** ঝলাং, চর্।

। খরি(পরতঃ) ঝলাং চর্(ভবতি)।

**বরদরাজঃ-** খরি ঝলাং চরঃ স্যুঃ। ইত্যাদৌ দস্য তঃ। উত্থানম্। উত্তম্ভনম্।

অনুবাদ - খর্ পরে থাকিলে ঝল্ - এর স্থানে চর্ হয়। উত্থানম্। উত্তম্ভনম্।

**আলোচনা** - 'উদ্ + থ্ থানম্' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'-এই সূত্রের সহায়তায় 'ঝরো ঝরি সবর্ণে'- এই সূত্রের দ্বারা প্রথম থকারের বিকল্পে লোপ করিয়া 'উদ্ + থানম্' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' স্থানেঽন্তরতমঃ' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'খরি চ' - এই সূত্রের দ্বারা 'দ'কারের 'স্থানে দন্তস্থানীয় তকার হইয়া 'উত্থানম্' পদ সিদ্ধ হইল। থকার লোপের অভাব পক্ষে 'উদ্ থ্ থানম্' - এই অবস্থায় 'খরি চ' সূত্রের দ্বারা দকারের তকার করিয়া 'উৎথ্থানম্' পদ সিদ্ধ হইল। কিন্তু 'উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য' সূত্র অসিদ্ধ হওয়ার জন্য 'খরি চ' সূত্রের দ্বারা প্রথম থকারের তকার হইল না। কিন্তু দকারের তকার করিতে থকার অসিদ্ধ হইলেও সকার কে মানিয়া 'ত'কার হইতে অর্থাৎ 'খরি চ' লাগিতে কোন ও অসুবিধা নাই। উদ্ + স্তম্ভনম্'- এই উদাহরণে 'তস্মাদিত্যুত্তরস্য', 'আদেঃ পরস্য', 'স্থানেঽন্তরতমঃ' - এই তিনটি সূত্রের সহায়তায় 'উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য' এই সূত্রের দ্বারা সকারের স্থানে বিবার, শ্বাস, অঘোষ, ও মহাপ্রাণ বিশিষ্ট থকার আদেশ করিয়া 'উদ্ + থ্তম্ভনম্' - এই অবস্থা জাত হইলে 'তস্মিন্নিতি নির্দিষ্ট পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'ঝরো ঝরি সবর্ণে' - এই সূত্রের দ্বারা থকারের বিকল্পে লোপ করিয়া 'উদ্ + তম্ভনম্' এই অবস্থা জাত হইলে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'- 'স্থানেঽন্তরতমঃ' -এই দুই সূত্রের সহায়তায় 'খরি চ' এই সূত্রের দ্বারা দকারের তকার করিয়া 'উত্তম্ভনম্' পদ সিদ্ধ হইল। লোপের অভাব-পক্ষে 'উদ্ থ্ তম্ভনম্ এই অবস্থায় 'খরি চ' সূত্রের দ্বারা দকারের তকার করিয়া 'উথ্তম্ভনম্' -এই পদ সিদ্ধ হয়।

## ৭৫। ঝয়ো হোঽন্যতরস্যাম্ - ৮। ৪। ৬২

ঝয়ঃ- ৫। ১, হঃ- ৬। ১, অন্যতরস্যাম্ - ৭।১.

**অনুবৃত্তিঃ-** পূর্বস্য, সবর্ণঃ।

।ঝয়ঃ (পরস্য) হঃ অন্যতরস্যাম্ পূর্বস্য সবর্ণঃ (ভবতি)।।

Scanned with CamScanner

**বরদরাজঃ-** ঝয়ঃ পরস্য হস্য বা পূর্বসবর্ণঃ। নাদস্য ঘোষস্য সংবারস্য মহাপ্রাণস্য তাদৃশো বর্গচতুর্থঃ। বাগ্‌ঘরিঃ, বাগ্ হরিঃ।।

**অনুবাদ ঃ-** ঝয়্ এর পরস্থিত হকারের বিকল্পে পূর্বসবর্ণ হয়। নাদ, ঘোষ, সংবার ও মহাপ্রাণের সেই রূপ বর্গচতুর্থ বর্ণ (ঘ হইল)। বাগ্‌ঘরিঃ, বাগ্ হরিঃ।।

**আলোচনা** - 'ঝয়ঃ' - ইহা পঞ্চমীবিভক্ত্যন্ত। 'পরস্য' পদের অধ্যাহার হইয়াছে। 'হঃ' - ইহা 'হ্' শব্দের ষষ্ঠীর একবচনের রূপ। 'উদঃ স্থাস্তম্ভোঃ পূর্বস্য'— সূত্র হইতে 'পূর্বস্য' 'অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ', সূত্র হইতে 'সবর্ণঃ' পদ অনুবৃত্ত হইতেছে। ফলে এই সূত্রের অর্থ হইতেছে, 'ঝয়্' এর পর হকারের বিকল্পে পূর্বসবর্ণ হয়। 'বাক্ + হরিঃ' - এই উদাহরণে ' স্থানেঽন্তরতমঃ'-এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে' এই সূত্রের দ্বারা ককারের গকার করিয়া 'বাগ্ + হরিঃ'-এই অবস্থায় 'তস্মাদিত্যুত্তরস্য' - 'স্থানেঽন্তরতমঃ' এই দুই সূত্রের সহায়তায় 'ঝয়ো হোঽন্যতরস্যাম্'- এই সূত্রের দ্বারা হকারের স্থানে বিকল্পে পূর্বের সবর্ণ ঘোষ, নাদ, সংবার ও মহাপ্রাণ বর্ণ 'ঘ'কার হইল। ফলে 'বাগ্ ঘরিঃ' হইল। হকারের স্থানে পূর্বসবর্ণ না হইলে পক্ষে 'বাগ্ হরিঃ'- এইরূপ সিদ্ধ হইল।।

৭৬। **শশ্ছোঽটি** - ৮। ৪। ৬৩

শঃ- ৬। ১, ছঃ- ১। ১, অটি - ৭। ১.

**অনুবৃত্তিঃ-** ঝয়ো হোঽন্যতরস্যাম্।

।ঝয়ঃ (পরস্য) শঃ ছঃ অন্যতরস্যাম্ (ভবতি) অটি ।।

**বরদরাজঃ-** ঝয়ঃ পরস্য শস্য ছো বাঽটি। তদ্ শিব ইত্যত্র সস্য শ্চুত্বেন জকারে কৃতে খরি চেতি জকারস্য চকারঃ। তচ্ছিবঃ, তচ্‌শিবঃ। (ছত্বমমীতি বাচ্যম্) তচ্ছ্লোকেন।।

**অনুবাদ** - ঝয়্ এর পরের শকারের বিকল্পে 'ছ'কার আদেশ হয় অট্ (পরে) থাকিলে। 'তদ্ শিবঃ' - এই স্থালে দকারের শ্চুত্বের দ্বারা জকার করা হইলে 'খরি চ' - এই সূত্রের দ্বারা জকারের চকার (হইল)। (যথা-) তচ্ছিবঃ, তচ্ শিবঃ ('শশ্ছোঽটি' সূত্রে 'অটি' স্থলে 'অমি' - ইহা বলা উচিত)। (যথা-) তচ্ছ্লো কেন।।

Scanned with CamScanner

**আলোচনা** - 'ঝয়ো হোঽন্যতরস্যাম্' সূত্র হইতে 'ঝয়ঃ' - এই পঞ্চম্যন্ত পদ অনুবৃত্ত হইতেছে। 'শঃ' - ইহা 'শ্' শব্দের ষষ্ঠীর একবচন। 'তদ্ + শিবঃ' - এই স্থলে 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা দকারের স্থানে জকার আদেশ করিয়া 'তজ্ + শিবঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - 'স্থানেঽন্তরতমঃ'—এই দুই সূত্রের সহায়তায় 'খরি চ' - এই সূত্রের দ্বারা জকারের চকার করিয়া 'তচ্ + শিবঃ' - এই রূপ অবস্থা প্রাপ্ত হওয়ায় 'শশ্ছোঽটি' - সূত্রের দ্বারা শকারের বিকল্পে 'ছ'কার করিয়া 'তচ্ছিবঃ' পদ হয়। ছকার না হইলে, 'তচ্ শিবঃ' এই পদ সিদ্ধ হয়। ইহার অর্থ সেই শিব কিংবা তাহার শিব। 'শশ্ছোঽটি' স্থানে 'শশ্ছোঽমি'—ইহা বলা উচিত — ইহা বার্ত্তিকের অর্থ। স চাসৌ শ্লোকশ্চ কিংবা তস্য শ্লোকঃ- এই রূপ বিগ্রহ করিয়া 'তদ্ + শ্লোকেন' - এই অবস্থায় 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা দকারের জকার করিয়া তজ্ + শ্লোকেন এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ' - এই দুই সূত্রের সহায়তায় 'খরি চ' সূত্রের দ্বারা জকারের চকার করিয়া 'তচ্ + শ্লোকেন' এই অবস্থা জাত হওয়ায় 'ছত্বমমীতি বাচ্যম্' - এই বার্ত্তিকের দ্বারা শকারের ছকার করিয়া তচ্ছ্লোকেন পদ সিদ্ধ হয়। এই উদাহরণে অট্ পরে নাই কিন্তু 'অম্' পরে রহিয়াছে। ফলে বার্ত্তিক অনুসারে শকারের ছকার হইল।

## ৭৭। মোঽনুস্বারঃ- ৮। ৩। ২৩

মঃ- ৬। ১, অনুস্বারঃ- ১।১.

**অনুবৃত্তিঃ**- হলি।

[ মঃ পদস্য অনুস্বারঃ (ভবতি) হলি]।

**বরদরাজঃ**- মান্তস্য পদস্যানুস্বারো হলি। হরিং বন্দে।।

**অনুবাদ** - মকারান্ত পদের অনুস্বার হয় হল্ (পরে) থাকিলে। (যথা-) হরিং বন্দে।

**আলোচনা** - এই সূত্রটি পদাধিকারে পঠিত হইয়াছে। 'মঃ' - ইহা ষষ্ঠীর একবচনে রহিয়াছে। 'হলি সর্বেষাম্' এই সূত্র হইতে 'হলি' এই পদটি অনুবৃত্ত হইতেছে। মান্তপদের অনুস্বার হয় এই রূপ বলাতে 'অলোঽন্ত্যস্য' - এই সূত্রের সহায়তায় অন্ত্যের স্থানে অনুস্বার হইবে। 'হরিম্ + বন্দে' এই অবস্থায় হল্ পরে থাকায় মান্ত পদের অন্ত্য মকারের অনুস্বার আদেশ করিয়া 'হরিং বন্দে'

Scanned with CamScanner

সিদ্ধ হইল।

## ৭৮। নশ্চাপদান্তস্য ঝলি - ৮। ৩। ২৪

নঃ ৬। ১, চ-অ০, অপদান্তস্য - ৬।১, ঝলি - ৭।১

।নঃ মঃ চ অপদান্তস্য অনুস্বারঃ (ভবতি) ঝলি (পরতঃ)।।

**বরদরাজঃ**- নস্য মস্য চাপদান্তস্য ঝল্যনুস্বারঃ। যশাংসি। আক্রংস্যতে। ঝলি কিম্? মন্যতে।।

**অনুবাদ** - অপদান্ত নকার ও মকারের অনুস্বার হয় ঝল্ (পরে) থাকিলে। (যথা-) যশাংসি। আক্রংস্যতে। 'ঝলি' বলিল কেন? মন্যতে।

**আলোচনা** - সূত্রে 'চ'কার থাকায় 'মঃ' (মস্য) অনুকর্ষণ করা হইতেছে। অনুস্বারের ও অনুকর্ষণ হইতেছে। 'যশান্ + সি' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'নশ্চাপদান্তস্য ঝলি' সূত্র দ্বারা অপদান্ত নকারের অনুস্বার আদেশ করিয়া 'যশাংসি' পদ সিদ্ধ হয়। 'আক্রম্ + স্যতে'—এই স্থলে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'নশ্চাপদান্তস্য ঝলি' এই সূত্রের দ্বারা অপদান্ত মকারের অনুস্বার করিয়া 'আক্রংস্যতে' পদ সিদ্ধ হয়। এখন প্রশ্ন হইতেছে 'হলি সর্বেযাম্' সূত্র হইতে 'হলি' পদের অনুবৃত্তি হইয়া যাইতে পারিত তাহা হইলে কেন বর্তমান সূত্রে 'ঝলি' পদের গ্রহণ করা হইয়াছে। 'ঝলি' পদের গ্রহণ না করিলে 'মন্ + য়তে'—এই অবস্থায় 'হল্' পরে থাকাতে অপদান্ত 'ন'কারের অনুস্বার হইয়া যাইত কিন্তু সূত্রে 'ঝল্' বলাতে তাহা হইতে পারিল না।

## ৭৯। অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ—৮।৪।৫৮

অনুস্বারস্য—৬।১, যয়ি—৭।১, পরসবর্ণঃ—১।১

**বরদরাজঃ**—স্পষ্টম্। শান্তঃ।।

**অনুবাদ**—(অর্থ) স্পষ্ট। (যথা-) শান্তঃ।

**আলোচনা**—এইখানে কোনও পদের অনুবৃত্তি হইতেছে না বলিয়া বররাজ বলিয়াছেন 'স্পষ্টম্'। সূত্রে 'যয়ি' পদ রহিয়াছে স্পষ্ট অর্থের জন্য। কারণ অচ্ পরে থাকিলে অনুস্বার হয় না। শল্ পরে থাকিলে অনুস্বারের 'পরসবর্ণ' অসম্ভব।



Scanned with CamScanner

ফলে স্বাভাবিক ভাবে 'যয়্' পরে থাকিলেই হয়। এই পরসবর্ণ নিত্য হয়। যথা—'শাম্ + তঃ'-এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'-এই সূত্রের সহায়তায় 'নশ্চাপদান্তস্য ঝলি' এই সূত্রের দ্বারা অপদান্ত মকারের 'অনুস্বার' করিয়া 'শাং + তঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ' এই সূত্রের দ্বারা অনুস্বারের স্থানে পরসবর্ণ হওয়ায় 'স্থানেঽন্তরতমঃ' সূত্রের সহায়তায় 'ন' আদেশ করিয়া 'শান্তঃ' পদ সিদ্ধ হইল। এই আদেশ নিত্য বলিয়া 'গঙ্গা' প্রভৃতি শব্দে নিত্যই পরসবর্ণ হয়। ফলে অনুস্বারের ব্যবহার প্রামাদিক।

## ৮০। বা পদান্তস্য—৮।৪।৫৯

বা—অ০, পদান্তস্য—৬।১

**অনুবৃত্তিঃ**—অনুস্বারস্য যয়ি পরসবর্ণঃ।

[পদান্তস্য অনুস্বারস্য যয়ি (পরে) বা পরসবর্ণঃ (ভবতি)]।

**বরদরাজঃ**—ত্বঙ্করোষি, ত্বং করোষি।।

**অনুবাদ**—ত্বঙ্করোষি, ত্বং করোষি।।

**আলোচনা**—পদান্ত অনুস্বারের স্থানে বিকল্পে পরসবর্ণ আদেশ হয় 'যয়্' পরে থাকিলে। 'ত্বম্ + করোষি'—এই উদাহরণে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'মোঽনুস্বারঃ'—এই সূত্রের দ্বারা মকারের অনুস্বার করিয়া 'ত্বং + করোষি'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এবং 'স্থানে-ঽন্তরতমঃ' এই দুই সূত্রের সহায়তায় পদান্ত অনুস্বারের স্থানে বিকল্পে পরসবর্ণ 'ঙ'কার আদেশ করিয়া 'ত্বঙ্করোষি' হয়। এবং পরসবর্ণ না হইলে 'ত্বংকরোষি' সিদ্ধ হয়।

## ৮১। মো রাজি সমঃ ক্বৌ—৮।৩।২৫

মঃ—১।১, রাজি—৭।১, সমঃ—৬।১, ক্বৌ—৭।১

**অনুবৃত্তিঃ**—মঃ।

[সমঃ মঃ (মকারস্য) মঃ (ভবতি) ক্বৌ রাজি (পরতঃ)]।

**বরদরাজঃ**—ক্বিবন্তে রাজতৌ পরে সমো মস্য ম এব স্যাৎ। সম্রাট্।।

**অনুবাদ**—ক্বিপ্ প্রত্যয়ান্ত রাজ্ (ধাতু) পরে থাকিলে 'সম্' এর মকারের মকার ই হয়। (যথা—) সম্রাট্।

**আলোচনা**—'মোঽনুস্বারঃ' সূত্র হইতে 'মঃ' অনুবৃত্তি হইতেছে। হইা যষ্ঠ্যন্ত। 'সমঃ'ইহা অবয়বষষ্ঠী। 'প্রত্যয়গ্রহণে তদন্তগ্রহণম্' এই পরিভাষা অনুসারে ক্বিবন্ত বুঝিতে হইবে। 'ম' এর 'ম' আদেশ হওয়াতে অনুস্বার হইল না। 'সম্ + রাট্'—এই অবস্থায় ক্বিবন্ত রাজ্ ধাতুপরে থাকায় 'সম্' এর মকারের 'ম'কার আদেশ হওয়ায় 'সম্রাট্' পদ সিদ্ধ হইল। ইহার অর্থ রাজ-চক্রবর্ত্তী।

## ৮২। হে মপরে বা—৮।৩।২৬

### হে—৭।১, ম-পরে—৭।১, বা -অ০

**অনুবৃত্তিঃ**—মঃ, মঃ।

[মপরে হে (পরে) মঃ (মস্য) মঃ বা (ভবতি)]।

**বরদরাজঃ**—মপরে হকারে পরে মস্য মো বা। কিম্ হ্মলয়তি, কিং হ্মলয়তি। (যবল- পরে যবলা বা)। কিয়্ঁ হ্যঃ, কিং হ্যঃ। কিব্ঁ হ্বলয়তি, কিং হ্বলয়তি। কিল্ঁ হ্লাদয়তি, কিং হ্লাদয়তি।।

**অনুবাদ**—ম-পরে আছে এমন হকার পরে থাকিলে মকারের বিকল্পে মকার আদেশ হয়। (যথা—) কিম্ হ্মলয়তি, কিং হ্মলয়তি। (য, ব, ল পরে আছে এমন হকার পরে থাকিলে মকারের বিকল্পে যবল-আদেশ হয়)। (যথা—) কিয়্ঁ হ্যঃ, কিং হ্যঃ। কিব্ঁ হ্বলয়তি, কিং হ্বলয়তি। কিল্ঁ হ্লাদয়তি, কিং হ্লাদয়তি।।

**আলোচনা**—'মোঽনুস্বারঃ' সূত্র হইতে 'মঃ' এই ষষ্ঠ্যন্ত পদ এবং 'মো রাজি সমঃ ক্বৌ' সূত্র হইতে 'মঃ' এই প্রথমান্ত পদ অনুবৃত্ত হইতেছে। 'মপর' শব্দের অর্থ হইল—'মঃ পরো যস্মাৎ'। 'কিম্ + হ্মলয়তি'—এই অবস্থায় মকার পরে আছে এমন হকার পরে থাকায় পূর্বের মকারের বিকল্পে মকার আদেশ করিয়া 'কিম্ হ্মলয়তি' সিদ্ধ হয়। মকার আদেশ না হইলে 'মোঽনুস্বারঃ' সূত্রের দ্বারা মকারের অনুস্বার করিয়া 'কিং হ্মলয়তি' সিদ্ধ হয়। 'যবলাঃ পরা যস্মাৎ' তস্মিন্ = যবলপরে। যবল পরক হকার পরে থাকিলে পূর্ববর্ত্তী মকারের স্থানে বিকল্পে যবল আদেশ হয়। 'কিম্ + হ্যঃ'—এই অবস্থাতে যকার পরক হকার পরে থাকায় 'তস্মিন্নিতি নির্দ্দিষ্টে পূর্বস্য' 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্'—এই দুই সূত্রের সহায়তায় 'যবলপরে যবলা বা' এই বার্ত্তিকের দ্বারা মকারের স্থানে

বিকল্পে 'য'কার আদেশ প্রাপ্ত হওয়ায় 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের সহায়তায় 'ম'কারের স্থানে অনুনাসিক যঁকার আদেশ করিয়া 'কিয়ঁ হ্যঃ' সিদ্ধ হয়। যকারাদেশের অভাবপক্ষে 'কিং হ্যঃ' এই রূপ সিদ্ধ হয়। 'কিম্ + হ্বলয়তি'— এই স্থলে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই দুই সূত্রের সহায়তায় 'যবলপরে যবলা বা'—এই বার্ত্তিকের দ্বারা মকারের বিকল্পে 'ব'কার আদেশ করিয়া এবং 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের দ্বারা 'ম' কারের অনুনাসিক 'বঁ'কার করিয়া কিবঁ-হ্বলয়তি' সিদ্ধ হয়, 'ব'কারাদেশের অভাব-পক্ষে 'কিম্ + হ্বলয়তি'—এইস্থলে 'মোঽনুস্বারঃ'সূত্র দ্বারা মকারের অনুস্বার আদেশ করিয়া কিং হ্বলয়তি রূপ সিদ্ধ হয়। 'কিম্ + হ্লাদয়তি—' এই স্থলে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'যথাসংখ্যমমনুদেশঃ সমানাম্' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'যবলপরে যবলা বা' —এই বার্ত্তিকের দ্বারা ' ম'কারের বিকল্পে 'ল'কার আদেশ করিয়া 'স্থানেঽন্তরতমঃ' সূত্রের দ্বারা অনুনাসিক 'লঁ' আদেশ করিয়া 'কিলঁ হ্লাদয়তি', এবং 'ল' কারাদেশের অভাবপক্ষে -মোঽনুস্বারঃ' সূত্র দ্বারা মকারের অনুস্বার করিয়া 'কিংহ্লা-দয়তি'—এই রূপ সিদ্ধ হয়।

**৮৩। নপরে নঃ—৮।৩।২৭**

ন-পরে—৭।১, নঃ—১।১.

**অনুবৃত্তিঃ**—হে, বা, মঃ।

[নপরে হে (পরতঃ) মঃ (মস্য) বা নঃ (ভবতি)]।

**বরদরাজঃ**—নপরে হকারে মস্য নো বা। কিন্ হ্নুতে, কিং হ্নুতে।।

**অনুবাদ**—নকার পরে আছে এমন হকার পরে থাকিলে মকারের নকার বিকল্পে হয়। (যথা—) কিন্ হ্নুতে, কিং হ্নুতে।।

**আলোচনা**—নঃ পরঃ যস্মাৎ, তস্মিন্ = 'নপরে'। 'কিম্ + হ্নুতে' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তার 'নপরে নঃ' এই সূত্রের দ্বারা নকারের স্থানে বিকল্পে 'ন' কার আদেশ করিয়া 'কিন্ হ্নুতে' সিদ্ধ হয়। আবার 'নকার আদেশের অভাবপক্ষে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'মোঽনুস্বারঃ'—এই সূত্রের দ্বারা মকারের অনুস্বার আদেশ করিয়া 'কিং হ্নুতে'—এই রূপ সিদ্ধ হয়।।

**৮৪। আদ্যন্তৌ টকিতৌ—১।১।৪৬**

Scanned with CamScanner

আদ্যন্তৌ—১।২, টকিতৌ—১।২

**বরদরাজঃ**—টিৎকিতৌ যস্যোক্তৌ তস্য ক্রমাদাদ্যন্তাবয়বৌ স্তঃ।।

**অনুবাদ**—টিৎও কিৎ যাহার বলা হইয়াছে উহারা যথাক্রমে তাহার আদ্যবয়ব ও অন্তাবয়ব হয়।

**আলোচনা**—আদিশ্চ অন্তশ্চ = আদ্যন্তৌ। টশ্চ কশ্চ = টকৌ, দ্বন্দ্বসমাস। ট ও ক এই দুইটিতে যে অকার আছে উহা উচ্চারণার্থ। পরে দ্বন্দ্বসমাসনিষ্পন্ন টকৌ পদের সহিত ইৎপদের বহুব্রীহি সমাস করিলে 'টকৌ ইতৌ যয়োস্তৌ'—ট ও ক ইৎ যাহার, আদির অর্থ আদ্যবয়ব এবং অন্তের অর্থ অন্তাবয়ব, টকৌ ইতৌ যয়োঃ—এই রূপ বিগ্রহে 'ইৎ' পদটি দ্বন্দ্বের শেষে, সেই জন্য উহার অন্বয় প্রত্যেকটির সহিত হইয়া থাকে। আগমটি যদি টিৎ হয় তাহা হইলে যাহার আগম তাহার আদিতে বসিবে, এবং আগমটি যদি কিৎ হয় তাহা হইলে যাহার আগম তাহার পরে বসিবে।

## ৮৫। ঙ্ণোঃ কুক্‌টুক্ শরি—৮।৩।২৮

ঙ্ণোঃ—৬।২, কুক্‌টুক্—১।১, শরি—৭।১

**অনুবৃত্তিঃ**—বা ।

।ঙ্ণোঃ কুক্ টুক্ বা (ভবতঃ) শরি (পরতঃ)।।

**বরদরাজঃ**—বা স্তঃ। (চয়ো দ্বিতীয়াঃ শরি পৌষ্করসাদেরিতি বাচ্যম্)। প্রাঙ্খ্ ষষ্ঠঃ, প্রাঙ্ক্ষষ্ঠঃ, প্রাঙ্ ষষ্ঠঃ। সুগণ্ঠ্ ষষ্ঠঃ, সুগণ্ট্ষষ্ঠঃ, সুগণ্ ষষ্ঠঃ।।

**অনুবাদ**—বিকল্পে হয়। (চয়্ প্রত্যাহারস্থিত বর্ণের স্থানে দ্বিতীয় বর্ণ হয় বিকল্পে শর্‌পরে থাকিলে)। (যথা---) প্রাঙ্খ্ ষষ্ঠঃ, প্রাঙ্ক্ষষ্ঠঃ, প্রাঙ্ ষষ্ঠঃ। সুগণ্ঠ্ ষষ্ঠঃ, সুগণ্ট্ ষষ্ঠঃ, সুগণ্ ষষ্ঠঃ।।

**আলোচনা**—'হে মপরে বা'—এই সূত্র হইতে 'বা' অনুবৃত্ত হইতেছে। কুক্ চ টুক্ চ সমাহারদ্বন্দ্ব হইয়াছে। ঙকার ও ণকারের বিকল্পে যথাক্রমে কুক্ ও টুক্ আগম হয় শর্ পরে থাকিলে। 'প্রাঙ্ক্ + ষষ্ঠঃ'---এই উদাহরণে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্', এই দুই সূত্রের সহায়তায় 'ঙ্ণোঃ

Scanned with CamScanner

কুক্টুক্ শরি' সূত্রের দ্বারা 'ঙ'কারের 'কুক্' আগম করিয়া উহা 'কিৎ' বলিয়া 'আদ্যন্তৌ টকিতৌ' সূত্রের সাহায্যে অন্তাবয়ব হইয়া 'প্রাঙ্ কুক্ + ষষ্ঠঃ'—এই অবস্থায় অনুবন্ধলোপ করিয়া 'প্রাঙ্ক্ + ষষ্ঠঃ'—এই অবস্থায়' তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'চয়ো দ্বিতীয়া শরি পৌষ্করসাদেরিতি বাচ্যম্'—এই বার্ত্তিকের দ্বারা 'ক'কারের খকার করিয়া 'প্রাঙ্খ্ ষষ্ঠঃ' হয়, চয় এর দ্বিতীয় বর্ণের অভাবপক্ষে 'প্রাঙ্ক্ষষ্ঠঃ' হয়, কুক্ আগমের অভাবপক্ষে 'প্রাঙ্ষষ্ঠঃ'—সিদ্ধ হয়।

## ৮৬। ডঃ সি ধুট্—৮।৩।২৯

ডঃ—৫।১, সি—৭।১, ধুট্—১।১

**অনুবৃত্তিঃ**—বা।

।ডঃ (পরস্য) সি (সস্য) ধুট্ বা (ভবতি)।।

**বরদরাজঃ**—ডাৎপরস্য সস্য ধুড্বা। ষট্ৎসন্তঃ, ষট্ সন্তঃ।।

**অনুবাদ**—ডকারের উত্তর সকারের ধুট্ (আগম) হয় বিকল্পে। (যথা—) ষট্ৎসন্তঃ, ষট্সন্তঃ।।

**আলোচনা**—'তস্মাদিত্যুত্তরস্য' এই পরিভাষার দ্বারা 'সি' 'ষষ্ঠী' বিভক্তিতে পরিবর্ত্তিত হয়। 'হে মপরে বা'—এই সূত্র হইতে 'বা' অনুবৃত্ত হয়। 'ষট্ + সন্তঃ' এই উদাহরণে 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে'—এই সূত্রের দ্বারা 'ট'কারের 'ড'কার আদেশ করিয়া 'ষড্ + সন্তঃ'—এই অবস্থা জাত হওয়ায় 'তস্মাদিত্যুত্তরস্য'এই সূত্রের সহায়তায় 'ডঃ সি ধুট্' এই সূত্রের দ্বারা সকারের ধুট্ আগম করিয়া 'আদ্যন্তৌ টকিতৌ' এই সূত্রানুসারে সকারের আদ্যবয়ব হওয়ায় ও অনুবন্ধলোপ করিয়া 'ষট্ + ধ্সন্তঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ'—এই সূত্রের দ্বারা 'ধ'কারের স্থানে 'ত'কার করিয়া 'ষট্ত্সন্তঃ'—সিদ্ধ হয়। 'ধুট্' আগমের অভাবপক্ষে ষড্ + সন্তঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ'—এই দুই সূত্রের সহায়তায় 'খরি চ'—এই সূত্রের দ্বারা ডকারের টকার করিয়া 'ষট্ সন্তঃ' সিদ্ধ হয়।

## ৮৭। নশ্চ—৮।৩।৩০

নঃ—৫।১, চ—অ০

Scanned with CamScanner

**অনুবৃত্তিঃ**—সি, ধুট্‌, বা।

।নঃ (নান্তাৎ পরস্য) সি (সস্য) ধুট্‌ বা (ভবতি)।।

**বরদরাজঃ**—নান্তাৎ পরস্য সস্য ধুড়্‌ বা। সন্‌ৎসঃ, সন্‌সঃ।।

**অনুবাদ**—নকারান্তের পর সকারের ধুট্‌ বিকল্পে হয়। (যথা) সন্‌ৎসঃ, সন্‌সঃ।।

**আলোচনা**—এইখানে ও 'তস্মাদিত্যুত্তরস্য' পরিভাযা অনুসারে 'সি' ষষ্ঠ্যন্ত 'সস্য' রূপে পরিণত হইতেছে। উদাহরণ যথা—সন্‌ + সঃ'—এই অবস্থায় 'তস্মাদিত্যুত্তরস্য'—এই সূত্রের সহায়তায় 'নশ্চ' এই সূত্রের দ্বারা সকারের ধুট্‌ আগম করিয়া 'আদ্যন্তৌ টকিতৌ' এই সূত্রের দ্বারা সকারের আদ্যবয়ব করিয়া ও অনুবন্ধলোপ করিয়া সন্‌ + ধ্‌সঃ'—এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ'—এই দুই সূত্রের সহায়তায় 'খরি চ'—এই সূত্রের দ্বারা ধকারের তকার আদেশ করিয়া 'সন্‌ৎসঃ' সিদ্ধ হয়। ধুট্‌ আগমের অভাবপক্ষে 'সন্‌সঃ'—এই রূপ সিদ্ধ হয়।

## ৮৮। শি তুক্‌—৮।৩।৩১

### শি—৭।১, তুক্‌—১।১.

**অনুবৃত্তিঃ**—নঃ, বা।

।(পদান্তস্য) নঃ (নকারস্য) শি (পরে) তুক্‌ বা (ভবতি)।।

**বরদরাজঃ**—পদান্তস্য নস্য শে পরে তুগ্‌বা। সঞ্ছম্ভুঃ, সঞ্চ্ছম্ভুঃ, সঞ্চ্‌শম্ভুঃ' সঞ্‌শম্ভুঃ।।

**অনুবাদ**—পদান্ত নকারের শকার পরে থাকিলে তুক্‌ (আগম) বিকল্পে হয়। (যথা) সঞ্ছম্ভুঃ, সঞ্চ্ছম্ভুঃ, সঞ্চ্‌শম্ভুঃ, সঞ্‌শম্ভুঃ।।

**আলোচনা**—এই সূত্রটি পদাধিকারে পঠিত আছে, 'হে মপরে বা' সূত্র হইতে 'বা' অনুবৃত্ত হইতেছে। 'সন্‌ + শম্ভুঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এইসূত্রের সহায়তায় 'শি তুক্‌' এই সূত্রের দ্বারা নকারের বিকল্পে 'তুক্‌' আগম করিয়া 'আদ্যন্তৌ টকিতৌ' এই সূত্রের দ্বারা কিৎ বলিয়া অন্তাবয়ব হওয়ায় 'সন্‌ তুক্‌ + শম্ভুঃ'—এই অবস্থায় অনুবন্ধ লোপ করিয়া 'সন্‌ত্‌ + শম্ভুঃ'—এই অবস্থায় 'স্থানেঽন্তরতমঃ' এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে' এই

Scanned with CamScanner

সূত্রের দ্বারা তকারের দকার করিয়া 'সন্দ্ + শম্ভুঃ' এই অবস্থায় 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা দকারের 'জ'কার করিয়া 'সন্জ্ + শম্ভুঃ'—এই অবস্থায় পুনরায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ'—এই সূত্রের দ্বারা নকারের 'ঞ'কার করিয়া সঞ্জ্ + শম্ভুঃ এই অবস্থায় 'শশ্ছোঽটি' - এই সূত্রের দ্বারা শকারের বিকল্পে 'ছ'কার করিয়া সঞ্জ্ + ছম্ভুঃ' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'স্থানেঽন্তরতমঃ' এই দুই সূত্রের সহায়তায় 'খরি চ' - এই সূত্রের দ্বারা জকারের চকার করিয়া 'সঞ্চ্ + ছম্ভুঃ'- এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'ঝরো ঝরি সবর্ণে' এই সূত্রের দ্বারা চকারের বিকল্পে লোপ করিয়া 'সঞ্ছম্ভুঃ' সিদ্ধ হয়। লোপের অভাবপক্ষে সঞ্চ্ছম্ভুঃ' হয়, ছকার আদেশের অভাবপক্ষে 'সঞ্চ্শম্ভুঃ' হয়, 'তুক্' আগমের অভাব পক্ষে 'সঞ্ শম্ভুঃ' সিদ্ধ হয়।

## ৮৯। ঙমো হ্রস্বাদচি ঙমুণ্ নিত্যম্ - ৮। ৩। ৩২

ঙমঃ - ৫।১, হ্রস্বাৎ - ৫।১, অচি - ৭।১, ঙমুট্ - ১।১ নিত্যম্ - ২।১.

**বরদরাজঃ-** হ্রস্বাৎপরো যো ঙম্ তদন্তং যৎপদং তস্মাৎপরস্যাচো ঙমুট্। প্রত্যঙ্ঙাত্মা। সুগণ্ণীশঃ। সন্নচ্যুতঃ।।

**অনুবাদ** - হ্রস্বের উত্তর যে 'ঙম্' তাহা অন্তে আছে এমন যে পদ তাহার উত্তর অচের ঙমুট্ (আগম হয়)। (যথা-) প্রত্যঙ্ঙাত্মা। সুগণ্ণীশঃ। সন্নচ্যুতঃ।।

**আলোচনা** - 'ঙমঃ' - ইহা'ঙম্' (প্রত্যাহারের) পঞ্চমীর একবচনের রূপ। ঙমুট্ হইল আগম। এইখানে টকার ইৎ। উকার উচ্চারণের জন্য। ঙমুট্ ( = ঙুট্, ণুট্, নুট্) যথা-ক্রমে হয়। হ্রস্বের পরে ঙম্ (ঙ,ণ,ন) এর যে বর্ণ থাকিবে তাহার উত্তর অচের ও যথাক্রমে ঙুট্, ণুট্ ও নুট্ আগম হইবে। 'প্রত্যঙ্ + আত্মা' - এই অবস্থাতে 'তস্মাদিত্যুত্তরস্য', 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' - এই দুই সূত্রের সহায়তায় 'ঙমো হ্রস্বাদচি ঙমুণ্নিত্যম্' - এই সূত্রের দ্বারা 'আকারের' 'ঙুট্' আগম করিয়া এবং 'আদ্যন্তৌ টকিতৌ' সূত্র দ্বারা টিৎ বলিয়া আদ্যবয়ব করিয়া ও অনুবন্ধলোপ করিয়া 'প্রত্যঙ্ঙাত্মা' সিদ্ধ হয়। ইহার অর্থ অন্তরাত্মা। 'সুগণ্ + ঈশঃ' - এই অবস্থায় 'তস্মাদিত্যুত্তরস্য', 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' - এই দুই সূত্রের সহায়তায় 'ঙমো হ্রস্বাদচি ঙমুণ্ নিত্যম্' এই সূত্রের দ্বারা

Scanned with CamScanner

'ঈ'কারের 'নুট্' আগম করিয়া এবং 'আদ্যন্তৌ টকিতৌ' এই সূত্রানুযায়ী টিৎ বলিয়া আদ্য-বয়ব করিয়া এবং অনুবন্ধ লোপ করিয়া 'সুগণ্ণীশঃ' রূপ সিদ্ধ হয়। 'সন্ + অচ্যুতঃ' - এই অবস্থায় 'তস্মাদিত্যুত্তরস্য', 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' - এই দুই সূত্রের সহায়তায় 'ঙমো হ্রস্বাদচি ঙমুণ্নিত্যম্' - এই সূত্রের দ্বারা 'অ' কারের 'নুট্' আগম করিয়া এবং 'আদ্যন্তৌ টকিতৌ---- এই সূত্রের সহায়তায় টিৎ বলিয়া আদ্যবয়ব ও অনুবন্ধ লোপ করিয়া 'সন্নচ্যুতঃ' রূপ সিদ্ধ হয়।

## ৯০। **সমঃ সুটি** - ৮।৩।৫

সমঃ- ৬।১, সুটি - ৭।১.

**অনুবৃত্তি** ঃ- রু

। সমঃ রু সুটি।

**বরদরাজঃ-** সমো রুঃ সুটি।।

**অনুবাদ** - 'সম্' এর 'রু' আদেশ হয় সুট্ পরে থাকিলে।

**আলোচনা** -'মতুবসো রু সম্বুদ্ধৌ' - এই সূত্র হইতে 'রু' এর অনুবৃত্তি হইতেছে।

## ৯১। **অত্রানুনাসিকঃ পূর্বস্য তু বা** - ৮। ৩। ২

অত্র - অ,,, অনুনাসিকঃ- ১।১, পূর্বস্য - ৬।১ তু - অ., বা- অ,।

**বরদরাজঃ-** অত্র রুপ্রকরণে রোঃ পূর্বস্যানুনাসিকো বা।।

**অনুবাদ** - এই রুপ্রকরণে 'রু' এর পূর্বের অনুনাসিক বিকল্পে হয়।

**আলোচনা** - ইহা অধিকার সূত্র। এই সূত্রের উত্তর যাহার স্থানে 'রু' বিধান হয় তাহার পূর্ববর্ণের কিন্তু বিকল্পে অনুনাসিক হয়।

## ৯২। **অনুনাসিকাৎ পরোঽনুস্বারঃ**- ৮।৩।৪

অনুনাসিকাৎ - ৫।১, পরঃ- ১।১, অনুস্বারঃ- ১।১

Scanned with CamScanner

**অনুবৃত্তিঃ-** পূর্বস্য, রু।

। রোঃপূর্বো অনুনাসিকাৎ অন্যঃযঃ বর্ণঃ । যস্যানুনাসিকঃ ন বিহিতঃ ততঃ ] পরঃ অনুস্বারঃ (আগমঃ ভবতি) ।

**বরদরাজঃ-** অনুনাসিকং বিহায় রোঃ পূর্বস্মাৎ পরোঽনুস্বারাগমঃ।।

**অনুবাদ** - অনুনাসিককে পরিত্যাগ করিয়া (অর্থাৎ অনুনাসিক এর অভাব পক্ষে) রু এর পূর্বের বর্ণের উত্তর অনুস্বারের আগম হয়।

**আলোচনা** - অন্য শব্দ এইখানে অধ্যাহার করিতে হইবে। অনুনা... ভাবপক্ষে অনুস্বারের আগম হইবে। আগম শব্দটি পরশব্দ হইতে পাওয়া গিয়াছে।

৯৩। **খরবসানয়োর্বিসর্জনীয়ঃ-** ৮।৩।১৫

খরবসানয়োঃ- ৭।২, বিসর্জনীয়ঃ- ১।১.

**অনুবৃত্তিঃ-** রঃ।

[ রঃ (পদস্য) খরবসানয়োঃ (পরয়োঃ) বিসর্জনীয়ঃ (ভবতি) ]

**বরদরাজঃ-** খরি অবসানে চ পদান্তস্য রেফস্য বিসর্গঃ। (সংপুংকানাং সো বক্তব্যঃ) সঁস্স্কর্তা, সংস্স্কর্তা।।

**অনুবাদ** - খর্ পরে থাকিলে কিংবা অবসান হইলে পদান্ত রেফের বিসর্গ হয়। [ সম্ পুম্ এবং কান্ এর (বিসর্গের সকার আদেশ হয়]। সঁস্স্কর্তা, সংস্স্কর্তা।

**আলোচনা** - সম্ + স্কর্তা এই অবস্থায় সুট্ পরে থাকায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'আলোঽন্ত্যস্য' - এই সূত্রদ্বয়ের সহায়তায় 'সমঃ সুটি' - এই সূত্রের দ্বারা সকারের 'রু' আদেশ করিয়া এবং অনুবন্ধলোপ করিয়া 'সর্ + স্কর্তা' -এই অবস্থায় 'অত্রানুনাসিকঃ পূর্বস্য তু বা' - এই সূত্রের দ্বারা 'রু' - এর পূর্বের অকারের বিকল্পে অনুনাসিক আদেশ করিয়া 'সঁর্ + স্কর্তা' -এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' - এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ আদেশ করিয়া সঁঃ + স্কর্তা এই অবস্থায় 'সংপুংকানাং সো বক্তব্যঃ' - এই বার্ত্তিকের দ্বারা 'সম্' - এর বিসর্গের সকার আদেশ করিয়া সঁস্স্কর্তা পদ সিদ্ধ হয়, অনুনাসিকের অভাবপক্ষে 'সর্ - স্কর্তা' - এই অবস্থাতে 'অনুনাসিকাৎ পরোঽনুস্বারঃ' এই সূত্রের দ্বারা রু এর পূর্বে স্থিত অকারের উত্তর অনুস্বারের আগম করিয়া 'সংর্ + স্কর্তা' -

Scanned with CamScanner

এই রূপ অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' - এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ করিয়া 'সংঃ + স্কর্তা' - এই অবস্থাতে 'সংপুংকানাং সো বক্তব্যঃ' - এই বার্ত্তিকের দ্বারা 'সম্' এর বিসর্গের সকার আদেশ করিয়া 'সংস্‌স্কর্তা' এই পদ সিদ্ধ হয়।

## ৯৪। **পুমঃ খয্যম্পরে** - ৮।৩।৬

পুমঃ- ৬।১, খয়ি - ৭।১, অম্পরে - ৭।১,

**অনুবৃত্তিঃ**- রু।

। পুমঃ রুঃ (ভবতি) অম্পরে খয়ি (পরতঃ)।।

**বরদরাজঃ**- অম্‌পরে খয়ি পুমো রুঃ। পুঁস্কোকিলঃ, পুংস্কোকিলঃ।।

**অনুবাদ** - অম্পরক খয়্ পরে থাকিলে 'পুম্' - এর 'রু' আদেশ হয়। (যথা-) পুঁস্কোকিলঃ, পুংস্কোকিলঃ।

**আলোচনা** -'অম্ পরো যস্মাৎ' এই রূপ বিগ্রহ করিয়া - 'অম্পর' শব্দ নিষ্পন্ন হয়। 'পুমান্ কোকিলঃ' - এই রূপ কর্মধারয় সমাসের বিগ্রহ করিয়া বিভক্তির লোপ প্রভৃতি কার্য করিয়া 'পুম্ + কোকিলঃ' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'পুমঃ খয্যম্‌পরে' এই সূত্রের দ্বারা মকারের 'রু' আদেশ ও অনুবন্ধ লোপ করিয়া পুর্ + কোকিলঃ' এই রূপ অবস্থায় 'অত্রানুনাসিকঃ পূর্বস্য তু বা' এই সূত্রের দ্বারা 'রু' এর পূর্বের বিকল্পে 'অনুনাসিক' আদেশ করিয়া পুঁর্ + কোকিলঃ' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ করিয়া 'পুঁঃ + কোকিল' - এই অবস্থায় 'সংপুং-কানাং সো বক্তব্যঃ' - এই বার্ত্তিকের দ্বারা 'পুঁস্কোকিলঃ' — এই পদ সিদ্ধ হয়। অনুনাসিক আদেশের অভাবপক্ষে 'পুর্ + কোকিলঃ' - এই অবস্থায় 'অনুনাসিকাৎ পরোঽনুস্বারঃ' - এই সূত্রের দ্বারা 'রু' এর পূর্বে স্থিত উকারের উত্তর অনুস্বার আগম করিয়া 'পুংর্ কোকিলঃ' -এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' - এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ সরিয়া 'পুংঃ + কোকিলঃ' এই অবস্থায় 'সংপুংকানাং সো বক্তব্যঃ' এই বার্ত্তিকের দ্বারা পুম্ এর বিসর্গের স্থানে সকার আদেশ করিয়া 'পুংস্কোকিলঃ' - এই পদ সিদ্ধ হয়। ইহার অর্থ হইল পুরুষকোকিল।

Scanned with CamScanner

**৯৫। নশ্ছব্যপ্রশান্ - ৮। ৩।৭**

নঃ- ৬।১, ছবি - ৭।১, অপ্রশান্ - ১।১, ষষ্ঠ্যর্থে প্রথমা।

**অনুবৃত্তিঃ-** অম্পরে, রু।

। অপ্রশান্ (প্রশান্‌বর্জিতস্য) পদস্য রুঃ (ভবতি) অম্পরে ছবি (পরতঃ) সংহিতায়াম্।।

**বরদরাজঃ**—অম্পরে ছবি নান্তস্য পদস্য রুঃ, নতু প্রশান্-শব্দস্য।।

**অনুবাদ** - অম্পরে আছে এমন ছব্ পরে থাকিলে নকারান্ত পদের 'রু' আদেশ হয়, কিন্তু প্রশান্ শব্দের হয় না।

**আলোচনা** - 'নঃ' -ইহা যষ্ঠী বিভক্ত্যন্ত। 'পদস্য' এই অধিকৃত পদের বিশেষণ । ফলে 'যেন বিধিস্তদন্তস্য' - এই পরিভাষা অনুসারে তদন্তবিধি করিয়া 'নকারান্ত পদের' এই রূপ অর্থ হয়।

**৯৬। বিসর্জনীয়স্য সঃ—৮।৩।৩৪**

বিসর্জনীয়স্য—৬।১, সঃ—১।১

**অনুবৃত্তিঃ**—খরি।

। বিসর্জনীয়স্য সঃ (ভবতি) খরি (পরতঃ)।।

**বরদরাজঃ**—খরি। চক্রিঁস্ত্রায়স্ব, চক্রিং ত্রায়স্ব। অপ্রশান্ কিম্? প্রশান্ তনোতি। পদস্যেতি কিম্? হন্তি।।

**অনুবাদ**—খর্ পরে থাকিলে।

**আলোচনা**—'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ'—এই সূত্র হইতে মণ্ডূকপ্লুতি দ্বারা 'খরি' এই পদটি অনুবৃত্ত হইতেছে। চক্রিন্ + ত্রায়স্ব' - এই উদাহরণে 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'নশ্ছব্যপ্রশান্' এই সূত্রের দ্বারা 'ন'কারের স্থানে রুআদেশ করিয়া ও অনুবন্ধলোপ করিয়া 'চক্রির্ + ত্রায়স্ব' - এই অবস্থায় 'অত্রানুনাসিকঃ পূর্বস্য তু বা' - এই সূত্রের দ্বারা রেফের পূর্বে বিকল্পে অনুনাসিক আদেশ করিয়া চক্রিঁর্ ত্রায়স্ব' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'খর-বসানয়োর্বিসর্জনীয়ঃ' - এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ করিয়া 'চক্রিঁঃ + ত্রায়স্ব' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'বিসর্জনীয়স্য সঃ' - এই সূত্রের দ্বারা

Scanned with CamScanner

বিসর্গের সকার আদেশ করিয়া 'চক্রিঁস্ত্রায়স্ব' এই রূপ সিদ্ধ হয়। অনুনাসিক আদেশের অভাব পক্ষে 'চক্রির্‌ + ত্রায়স্ব' এই অবস্থায় 'অনুনাসিকাৎ পরোঽনুস্বারঃ' -ঐ সূত্রের দ্বারা রেফের পূর্বস্থিত বর্ণের উত্তর অনুস্বারের আগম করিয়া চক্রিংর্‌ + ত্রায়স্ব' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'- এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' - এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ করিয়া 'চক্রিংঃ + ত্রায়স্ব' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের, সহায়তায় 'বিসর্জনীয়স্য সঃ' - এই সূত্রের দ্বারা বিসর্গের স্থানে সকার আদেশ করিয়া 'চক্রিং স্ত্রায়স্ব' এই রূপ সিদ্ধ হয়। 'নশ্ছব্যপ্রশান্‌' সূত্রে 'অপ্রশান্‌' বলিল কেন? 'প্রশান্‌ + তনোতি' এই স্থলে প্রশান্‌ শব্দ থাকায় নকারের রু প্রভৃতি আদেশ হইল না। 'নশ্ছব্যপ্রশান্‌' সূত্রের বৃত্তিতে 'পদস্য' অধিকারের কথা বলা হইয়াছে কেন? 'হন্‌ + তি' -এইখানে নকারের রু প্রভৃতি হইল না।

## ৯৭। নৄন্‌ পে - ৮।৩।১০

### নৄন্‌ - লুপ্তষষ্ঠ্যন্তনির্দেশঃ, পে - ৭।১

**অনুবৃত্তিঃ-** নঃ, রু।

[ নৄন্‌ (ইত্যেতস্য) নঃ (নকারস্য) রুঃ (ভবতি) পে (পরতঃ) সংহিতায়াম্‌ ]।

**বরদরাজঃ-** নৄনিত্যস্য রুর্বা পে।।

**অনুবাদ** - 'নৄন্‌' এর বিকল্পে রু আদেশ হয় পকার পরে থাকিলে।

**আলোচনা** - 'নৄন্‌' - ইহা দ্বিতীয়ান্ত শব্দস্বরূপ পরক এবং ষষ্ঠী-বিভক্ত্যন্ত। ষষ্ঠী বিভক্তির লোপ মানা হইয়াছে সূত্রে আছে বলিয়া। 'ন্‌' লোপের অভাব ও সৌত্র। 'মতুবসো রু' - এই সূত্র হইতে 'রু' অনুবৃত্ত হইতেছে। 'উভয়থর্ক্ষু' সূত্র হইতে 'উভয়থা' অনুবৃত্ত হইতেছে। ইহার দ্বারাই বিকল্প বুঝাইতেছে। নৄন্‌ + পাহি' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'অলোঽন্ত্যস্য' এই সূত্রদ্বয়ের সহায়তায় 'নৄন্‌ পে' এই সূত্রের দ্বারা নকারের রু আদেশ ও অনুবন্ধ লোপ করিয়া 'নৄর্‌ + পাহি' - এই অবস্থা জাত হইল।

## ৯৮। কুপ্বোঃ ᳵক ᳶপৌ চ - ৮।৩।৩৭.

### কুপ্বোঃ- ৭।২, ᳵক ᳶপৌ - ১।২, চ - অ০।

**অনুবৃত্তিঃ**- বিসর্জনীয়স্য

। কুপ্বোঃ চ (পরতঃ) বিসর্জনীয়স্য ≍ক ≍পৌ (ভবতঃ)।।

**বরদরাজঃ**- কবর্গে পবর্গে চ বিসর্গস্য ≍ক ≍পৌ স্তঃ, চাদ্বিসর্গঃ। নৄঁ ≍ পাহি, নৄঁঃ পাহি, নৄং ≍ পাহি, নৄংঃ পাহি। নৄন্ পাহি।।

**অনুবাদ** - কবর্গ কিংবা পবর্গ (পরে) থাকিলে বিসর্গের স্থানে (যথাক্রমে) ≍ক এবং ≍প আদেশ হয়, চকার হেতু বিসর্গ ও হইবে। (যথা-) নৄঁ ≍পাহি, নৄঁঃ পাহি, নৄং ≍পাহি, নৄংঃ পাহি। নৄন্ পাহি।।

**আলোচনা** - 'নৄর্ + পাহি' এই অবস্থায় 'অত্রানুনাসিকঃ পূর্বস্য তু বা' এই সূত্রের দ্বারা বিকল্পে 'রু' এর পূর্বে অনুনাসিক আদেশ করিয়া 'নৄঁর্ + পাহি' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'খরবসা-নয়োর্বিসর্জনীয়ঃ' এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ করিয়া 'নৄঁঃ+ পাহি' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' এই দুই সূত্রের সহায়তায় 'কুপ্বোঃ ≍ক ≍পৌ চ' এই সূত্রের দ্বারা বিসর্গের উপধ্মানীয় আদেশ করিয়া 'নৄঁ ≍ পাহি' - এই একটি রূপ সিদ্ধ হয়। উপধ্মানীয় আদেশ না হইলে অর্থাৎ সূত্রে চকার থাকায় বিসর্গ থাকিলে 'নৄঁঃ পাহি' - এই দ্বিতীয় রূপ সিদ্ধ হয়। আবার অনুনাসিকের অভাব পক্ষে অর্থাৎ 'নৄর্ + পাহি' এই অবস্থায় রেফের পূর্বের বর্ণের পরে অনুস্বারের আগম করিয়া 'নৄংর্ + পাহি' - এই অবস্থায় 'তস্মিন্নিতি -' সূত্রের সহায়তায় খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' - এই সূত্রের দ্বারা রেফের বিসর্গ আদেশ করিয়া নৄংঃ + পাহি এই অবস্থায় - 'তস্মিনিতি নির্দিষ্টে পূর্বস্য', 'যথাসংখ্যমনুদেশঃ সমানাম্' - এই দুই সূত্রের সহায়তায় 'কুপ্বোঃ ≍ক ≍পৌ চ' - সূত্রের দ্বারা বিসর্গের উপধ্মানীয় আদেশ করিয়া 'নৄং ≍ পাহি' এই তৃতীয় রূপ সিদ্ধ হয়, সূত্রে চকার থাকায় উপধ্মানীয়ের অভাবপক্ষে বিসর্গই থাকিয়া 'নৄংঃপাহি - এই চতুর্থ রূপ সিদ্ধ হয়। 'নৄন্ পে' এই সূত্রের দ্বারা 'রু' আদেশের অভাব পক্ষে নৄন্ পাহি' - এই পঞ্চম রূপ সিদ্ধ হয়।

## ৯৯। তস্য পরমাম্রেডিতম্ - ৮।১।২

তস্য - ৬।১, পরম্ - ১।১, আম্রেডিতম্ - ১। ১.

Scanned with CamScanner

**বরদরাজঃ-** দ্বিরুক্তস্য পরমাম্রেড়িতং স্যাৎ।

অনুবাদ - দ্বিরুক্তের পরের অংশটির আম্রেড়িত সংজ্ঞা হয়।

**আলোচনা** - 'সর্বস্য দ্বে' এই সূত্রের ঠিক পরে বর্তমান সূত্রটি পাঠ করায় 'তস্য' এই পদের দ্বারা 'দ্বে' - অর্থাৎ দ্বিরুক্তের এই রূপ অর্থ বুঝাইতেছে।

## ১০০। **কানাম্রেড়িতে** - ৮।৩।১২

## কান্ - লুপ্তষষ্ঠ্যন্তনির্দেশঃ, আম্রেড়িতে - ৭।১

অনুবৃত্তিঃ- নঃ, রু।

[ কান্ (ইত্যেতস্য) নঃ (নকারস্য) রুঃ (ভবতি) আম্রেড়িতে (পরতঃ) সংহিতায়াম্ (বিষয়ে)]।

**বরদরাজঃ-** কান্নকারস্য রুঃ স্যাদাম্রেড়িতে। কাঁস্কান্, কাংস্কান্।।

**অনুবাদ** - কান্ এর নকারের 'রু' আদেশ হয় আম্রেড়িত পরে থাকিলে। (যথা-) কাঁস্কান্, কাংস্কান্।।

**আলোচনা** - 'কান্' ইহা দ্বিতীয়ান্তশব্দস্বরূপপরক লুপ্তষষ্ঠী বিভক্ত্যন্ত। ষষ্ঠী বিভক্তি সৌত্র লুক্ হইয়াছে। ন লোপের অভাব ও সৌত্র। 'কান্ + কান্ ' - এই অবস্থায় 'তস্য পরমাম্রেড়িতম্' - এই সূত্র থাকায় দ্বিতীয় কান্ এর আম্রেড়িত সংজ্ঞা হওয়ায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য', 'অলোঽন্ত্যস্য' এই দুইসূত্রের সহায়তায় 'কানাম্রেড়িতে' এই সূত্রের দ্বারা নকারের 'রু' আদেশ করিয়া ও অনুবন্ধ লোপ করিয়া কার্ + কান্ এই অবস্থা জাত হওয়ায় 'অত্রানুনাসিকঃ পূর্বস্য তু বা' এই সূত্রের দ্বারা রেফের পূর্বে অনুনাসিক বিকল্পে আদেশ করিয়া 'কাঁর্ + কান্' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ আদেশ করিয়া 'কাঁঃ + কান্' এই অবস্থা জাত হওয়ায় 'সংপুংকানাং সো বক্তব্যঃ' - এই বার্ত্তিকের দ্বারা বিসর্গের স্থানে সকার আদেশ করিয়া 'কাঁস্কান্' রূপ সিদ্ধ হয়। অনুনাসিকের অভাব পক্ষে 'কার্ + কান্' এই অবস্থায় 'অনুনাসিকাৎ পরোঽনুস্বারঃ' - এই সূত্রের দ্বারা 'রু' এর পূর্বের বর্ণের পর অনুস্বার আগম করিয়া 'কাংর্ + কান্' -এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' - এই সূত্রের সহায়তায় 'খরবসানয়োর্বিসর্জনীয়ঃ' এই সূত্রের দ্বারা পদান্ত রেফের বিসর্গ

Scanned with CamScanner

করিয়া 'সংপুংকানাং সো বক্তব্যঃ' এই সূত্রের দ্বারা বিসর্গের সকার করিয়া কাংস্কান্' - এই রূপ সিদ্ধ হয়।

## ১০১। ছে চ - ৬।১।৭৩

ছে - ৭।১, চ - অ.

**অনুবৃত্তিঃ**- হ্রস্বস্য, তুক্।

। হ্রস্বস্য তুক্ (আগমঃ ভবতি) ছে (পরতঃ) সংহিতায়াম্ ।।

**বরদরাজঃ**- হ্রস্বস্য ছে তুক্। শিবচ্ছায়া।।

**অনুবাদ** - ছকার (পরে) থাকিলে হ্রস্বের তুক্ (আগম) হয়। (যথা-) শিবচ্ছায়া।

**আলোচনা** - 'হ্রস্বস্য পিতি কৃতি তুক্' - এই সূত্র হইতে 'হ্রস্বস্য' এবং 'তুক্' - এই পদদ্বয় অনুবৃত্ত হইতেছে। 'সংহিতায়াম্' এই সূত্রের অধিকারে ইহা পঠিত হইয়াছে। 'শিব + ছায়া' - এই অবস্থাতে হ্রস্ব-অকারের তুক্ আগম করিয়া এবং তুক্ কিৎ বলিয়া 'আদ্যন্তৌ টকিতৌ' - সূত্র দ্বারা অন্তাবয়ব করিয়া 'শিব তুক্ + ছায়া' এই অবস্থায় অনুবন্ধ লোপ করিয়া 'শিবৎ + ছায়া' - এই অবস্থায় 'স্থানেঽন্তরতমঃ' - এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে'- এই সূত্রের দ্বারা তকারের দকার করিয়া শিবদ্ + ছায়া এই অবস্থায় 'যথা-সংখ্যমনুদেশঃ সমানাম্' - এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' এই সূত্রের দ্বারা দকারের জকার করিয়া 'শিবজ্ + ছায়া' - এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' এই সূত্রের সহায়তায় 'খরি চ' এই সূত্রের দ্বারা জকারের চর্ আদেশ প্রাপ্ত হওয়ায় 'স্থানেঽন্তরতমঃ' - এই সূত্রের দ্বারা চকার আদেশ করিয়া 'শিবচ্ছায়া' - এই পদ সিদ্ধ হয়।

## ১০২। পদান্তাদ্বা - ৬।১।৭৬

পদান্তাৎ - ৫।১, বা - অ.

**অনুবৃত্তিঃ**- তুক্, ছে, দীর্ঘাৎ।

। দীর্ঘাৎ পদান্তাৎ ছে (পরতঃ) তুক্ বা (ভবতি) সংহিতায়াম্ ।।

**বরদরাজঃ**- দীর্ঘাৎপদান্তাচ্ছে তুগ্ বা। লক্ষ্মীচ্ছায়া, লক্ষ্মীছায়া।

।। ইতি হল্সন্ধিঃ।।

**অনুবাদ** - পদান্ত দীর্ঘের বিকল্পে তুক্ (আগম) হয় ছকার পরে থাকিলে। (যথা-) লক্ষ্মী-চ্ছায়া, লক্ষ্মীছায়া।

।। ইতি হল্সন্ধি।।

Scanned with CamScanner

**আলোচনা** - 'দীর্ঘাৎ' - এই পদে পঞ্চমী বিভক্তি রহিয়াছে। 'ছে' ইহা সপ্তমী বিভক্ত্যন্ত। 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য' দ্বারা দীর্ঘের তুক্ প্রাপ্ত আছে। আবার 'তস্মাদিত্যুত্তরস্য' সূত্র দ্বারা 'ছ' কারের তুক্ আগম প্রাপ্ত আছে। 'উভয়নির্দেশে পঞ্চমী নির্দেশো বলবান্' এই পরিভাষা অনুযায়ী 'ছ'কারের তুক্ আগম প্রাপ্ত হওয়ায় 'সেনা-সুরাচ্ছায়া—' এই সূত্রে দীর্ঘের তুক্ আগম জ্ঞাপন হইতে বুঝিতে হইবে দীর্ঘেরই তুক্ আগম হইবে। 'লক্ষ্মী + ছায়া'—এই অবস্থায় 'পদান্তাদ্বা' এই সূত্রের দ্বারা দীর্ঘ ঈকারের বিকল্পে তুক্ আগম করিয়া এবং 'আদ্যন্তৌ টকিতৌ' সূত্র দ্বারা অন্তাবয়ব করিয়া 'লক্ষ্মীতুক্ + ছায়া'—এই অবস্থায় অনুবন্ধ লোপ করিয়া লক্ষ্মীত্ + ছায়া এই অবস্থায় 'স্থানেঽন্তরতমঃ'—এই সূত্রের সহায়তায় 'ঝলাং জশোঽন্তে'—এই সূত্রের দ্বারা তকারের দকার করিয়া 'যথা-সংখ্যমনুদেশঃ সমানাম্'—এই সূত্রের সহায়তায় 'স্তোঃ শ্চুনা শ্চুঃ' সূত্র দ্বারা দকারের জকার করিয়া 'লক্ষ্মীজ্ + ছায়া' এই অবস্থায় 'তস্মিন্নিতি নির্দিষ্টে পূর্বস্য'—এই সূত্রের সহায়তায় 'খরি চ'—এই সূত্রের দ্বারা জকারের চকার করিয়া 'লক্ষ্মীচ্ছায়া'—এই রূপ সিদ্ধ হয়। তুক্ আগমের অভাব পক্ষে 'লক্ষ্মীছায়া'—এই দ্বিতীয় রূপ সিদ্ধ হয়।

———o———

Scanned with CamScanner